# রায়গঞ্জে শিক্ষামেলা

**রায়গঞ্জ, ২৪ মার্চ :** আগামী ২৭শে এপ্রিল উত্তর দিনাজপুর জেলার রায়গঞ্জ স্টেডিয়ামে অনুষ্ঠিত হতে চলেছে জেলার প্রথম শিক্ষামেলা। এতে জেলার বিভিন্ন প্রান্তের স্কুলের ছেলেমেয়েরা অংশ নেবে বলে জানিয়েছেন ডাঃ সুস্মিতা বন্দ্যোপাধ্যায়। তিনি আরও জানান, 'এতে বিজ্ঞান, কলা, বাণিজ্য বিভাগের পড়ুয়ারা অংশ নিতে পারবে। দেশের বিভিন্ন প্রান্ত থেকে বেশ কয়েকটি সরকারি ও বেসরকারি কলেজ উপস্থিত থাকবে। যেখানে পড়ুয়ারা তাদের আগামীদিনের পড়াশোনার কোর্স সম্পর্কে জানতে পারবে।'

# রাস্তা সংস্কার শুরু

**হেমতাবাদ, ২৪ মার্চ :** হেমতাবাদে ১৩ কোটি ৩২ লক্ষ টাকা বরাদ্দে পাকা রাস্তা সংস্কারের কাজের উদ্বোধন হল। সোমবার দুপুরে হেমতাবাদের ডেহুচি মোড় এলাকায় এই কাজের উদ্বোধন করা হয়। উপস্থিত ছিলেন হেমতাবাদের বিধায়ক তথা মন্ত্রী সত্যজিৎ বর্মন, জেলা পরিষদের কর্মাধ্যক্ষ সেলিমা খাতুন সহ অন্যরা।

# কনভেনশন

**রায়গঞ্জ, ২৪ মার্চ :** নিখিল বঙ্গ শিক্ষক সমিতির উত্তর দিনাজপুর জেলা কার্যালয়ে মাদ্রাসা শিক্ষক ও শিক্ষাকর্মী কনভেনশন অনুষ্ঠিত হল রবিবার। পতাকা উত্তোলনের মধ্যে দিয়ে কার্যক্রম শুরু হয়। ৪২ জন প্রতিনিধি অংশ নেন। বামফ্রন্ট সরকারের এবং বর্তমান সরকারের আমলে মাদ্রাসা শিক্ষা ও মাদ্রাসাগুলির অবস্থা নিয়ে আলোচনা হয়।

## আপডেট নেই জেলা পরিষদের ওয়েবসাইটে

# অনলাইনে বিক্রি বন্ধ হস্তশিল্পের সামগ্রীর

**রূপক সরকার**

**বালুরঘাট, ২৪ মার্চ :** একসময় নিয়মিত বিক্রি হত কুশমণ্ডির বিখ্যাত মুখোশ ও জেলার অন্যান্য হস্তশিল্প সামগ্রী। বিক্রি আরও বাড়ানোর জন্য জেলা পরিষদের তরফে অনলাইন শপিং সাইট খোলা হয়েছিল। কিন্তু প্রায় বছরখানেক ধরে দক্ষিণ দিনাজপুর জেলা পরিষদের ওয়েবসাইট নিয়মিত আপডেট করা হয় না। যার ফলে জেলা পরিষদের বিভিন্ন কাজের তথ্য পাচ্ছেন না সাধারণ মানুষ।

কুশমণ্ডির মুখোশ থেকে অন্য হস্তশিল্প সামগ্রী জেলা পরিষদের ওয়েবসাইট থেকে কিনতে পারছেন না সাধারণ মানুষ। যেসব হস্তশিল্প সামগ্রীর ছবি দেওয়া রয়েছে, সেগুলি অনেকদিন আগেই থেকেই মজুত নেই। এমনকি জেলা পরিষদের সেই ওয়েবসাইটে রয়েছে বহু পুরোনো তথ্য। বিষয়টি নজরে আসতেই ওয়েবসাইটটি সচল রাখা নিয়ে চিন্তাভাবনা করছে দক্ষিণ দিনাজপুর জেলা পরিষদ।

প্রথমদিকে ওয়েবসাইট আপডেট রাখা হত। তবে বছরখানেক ধরেই ওয়েবসাইটের তথ্য আপডেট রাখা হচ্ছে না। যার ফলে সাধারণ মানুষও সব তথ্য পাচ্ছেন না। জেলা পরিষদ সূত্রে খবর, এই বিষয়টি যিনি দেখতেন, তিনি বদলি হয়ে গেছেন। তারপর থেকে ওয়েবসাইটটি আর সচল নেই। তবে ওয়েবসাইটটি সচল রাখার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার আশ্বাস দিয়েছেন জেলা পরিষদ কর্তৃপক্ষ।

মহিষবাথান গ্রামীণ হস্তশিল্প সমবায় সমিতির সম্পাদক বিশ্বজিৎ সরকার বলেন, 'আগে জেলা পরিষদের ওয়েবসাইট থেকে আমাদের মহিষবাথানের মুখোশ বিক্রি হত। যার ফলে জেলার বাইরেও খুব সহজে আমরা মুখোশ বিক্রি করতে পারতাম। হঠাৎ কী কারণে ওয়েবসাইট বন্ধ হয়ে গেল তা আমাদের জানা নেই।'

দক্ষিণ দিনাজপুর জেলা পরিষদের সহকারী সভাধিপতি অম্বরীশ সরকার বলেন, 'ওই ওয়েবসাইটটিতে জেলা পরিষদের বহু তথ্য রয়েছে। যেগুলি সাধারণ মানুষের কাজে লাগে। ওয়েবসাইট থেকে হস্তশিল্প সমগ্রী বিক্রি হত। জেলা প্রশাসনের ওয়েবসাইট সব সময় আপডেট থাকে। তাই এই ওয়েবসাইটটিকে সচল রাখা দরকার।'

অতিরিক্ত জেলা শাসক (জেলা পরিষদ) নবীনকুমার চন্দ বলেন, 'জেলা পরিষদের ওয়েবসাইটটি সচল রাখার বিষয়ে যথাযথ ব্যবস্থা নেওয়া হবে।'



দক্ষিণ দিনাজপুর জেলা পরিষদ ভবন। সোমবার বালুরঘাটে। - সংবাদচিত্র

# বিশ্ব যক্ষ্মা দিবস পালন

**নিউজ ব্যুরো**

**২৪ মার্চ :** 'টিবি হারবে, দেশ জিতবে' এই স্লোগানকে সামনে রেখে সোমবার বিশ্ব যক্ষ্মা দিবস পালন হল মালদা মেডিকেল কলেজে। এদিন টিবি নিয়ে সচেতনতামূলক কর্মসূচি নিল জেলা স্বাস্থ্য দপ্তর ও মালদা মেডিকেল কলেজের এনএসএস ইউনিট। যক্ষ্মা বিভাগে এনিয়ে একটি শিবিরের আয়োজন করা হয়। উপস্থিত ছিলেন জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিক সুদীপ্ত ভাদুড়ি, সহকারী মুখ্য স্বাস্থ্য আধিকারিক, বিভাগীয় প্রধান সহ নার্সিং পড়ুয়ারা।

পাশাপাশি রায়গঞ্জেও বিশ্ব যক্ষ্মা দিবস পালন হল সোমবার। উত্তর দিনাজপুর জেলায় ১ হাজার যক্ষ্মা রোগী এই চিকিৎসার অধীনে আসেননি এমনই তথ্য জানালেন চিকিৎসক দেবব্রত রায়। তিনি বলেন, 'দেশ থেকে যক্ষ্মা দূরীকরণের টার্গেট ছিল ২০২৫ সাল। কিন্তু লক্ষ্য মাত্রা ছুঁতে অনেক বাকি। আমরা বিগত ১০০ দিন ধরে জেলার সন্দেহভাজন ব্যক্তিদের নিয়ে পরীক্ষা করিয়ে বহু রোগীর সন্ধান পেয়েছি। মূলত অসচেতনতার কারণেই এই রোগ নির্মূল করতে আরও সময় লাগবে।'

এছাড়াও বিশ্ব যক্ষ্মা দিবস উপলক্ষ্যে ৬ রোগীকে দত্তক নিল বুলবুলচণ্ডী আরএনরায় গ্রামীণ হাসপাতাল। তাঁদের চিকিৎসা সহ পুষ্টিকর খাবার দেওয়া ও নিয়মিত তাঁদের দেখভাল করবে হাসপাতাল কর্তৃপক্ষ।

# জেলা সম্মেলন

**বালুরঘাট, ২৪ মার্চ :** দক্ষিণ দিনাজপুর জেলা ডেকোরেটর্স কল্যাণ সমিতির সপ্তম ত্রিবার্ষিক জেলা সম্মেলন আয়োজিত হল বালুরঘাটে। শনি ও রবিবার শহরের ফ্রেন্ডস ইউনিয়ন মাঠের একটি অনুষ্ঠান ভবনে জেলার বিভিন্ন প্রান্তের ইলেক্ট্রিক্যাল, ফ্লাওয়ার, সাউন্ড, ক্যাটারার সহ একাধিক ডেকোরেটর উপস্থিত হয়েছিলেন। সম্মেলন উপলক্ষ্যে শহরে বর্ণাঢ্য শোভাযাত্রা বের হয়। স্থানীয় শিল্পীরা মনোজ্ঞ অনুষ্ঠানে শামিল হয়েছিলেন।

পাশাপাশি দক্ষিণ দিনাজপুর জেলা পতঞ্জলি যোগ সমিতির বার্ষিক জেলা সম্মেলন আয়োজিত হল বালুরঘাটে। রবিবার বালুরঘাট নাট্যমন্দির প্রেক্ষাগৃহে জেলার বিভিন্ন প্রান্তের যোগ প্রশিক্ষক ও শিক্ষার্থীরা উপস্থিত হয়েছিলেন। সমিতির এটি দ্বিতীয় বার্ষিক সম্মেলন ছিল। গত ২০১২ সালে প্রথম এই সম্মেলন আয়োজিত হয়েছিল। এই সম্মেলনে যোগ সমিতির রাজ্য, জেলা ও ব্লক প্রভারি, কোর কমিটির সদস্য সহ প্রায় ৪৫০ জন সদস্য উপস্থিত হয়েছিলেন।


## বগি পরিবহন

ই-টেন্ডার বিজ্ঞপ্তি নং. এম-টিএসকে-২০২৫-১৯, তারিখ ঃ ২০-০৩-২০২৫। টেন্ডার নং.ঃ এম-টিএসকে-২০২৫-১৯। কাজের নাম ঃ ০১ (এক) বছর সময়ের জন্য কোচিং ডিপো তিনসুকিয়া, রেলওয়ে ওয়ার্কশপ ডিবিডব্লিউএস ও রেলওয়ে ওয়ার্কশপ এনবিকিউএস-এর মধ্যে বগি পরিবহন। কাজের স্থানঃ তিনসুকিয়া, ডিব্রুগড়, নিউ বঙাইগাঁও। টেন্ডার মূল্য ঃ ৬৬,৯৫,৮৫১.২০/- টাকা। বায়নার মূল্যঃ ১,৩৩,৯০০.০০/- টাকা। টেন্ডার জমা করার অন্তিম তারিখ ও সময়ঃ ১১-০৪-২০২৫ তারিখের ১৩.০০ ঘণ্টা। টেন্ডার খোলার তারিখ ও সময়ঃ ১১-০৪-২০২৫ তারিখের ১৫.০০ ঘণ্টার পরে। টেন্ডারের সম্পূর্ণ বিবরণ দেখার ও ডাউনলোড করার ওয়েবসাইটঃ www.ireps.gov.in।

সিনি. ডিএমই, তিনসুকিয়া
উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে
প্রসন্নচিত্তে গ্রাহকদের সেবায়

## সোনা ও রুপোর দর

| | |
|---|---|
| পাকা সোনার বাট (৯৯৫০/২৪ ক্যারেট ১০ গ্রাম) | ৮৭৮৫০ |
| পাকা খুচরো সোনা (৯৯৫০/২৪ ক্যারেট ১০ গ্রাম) | ৮৮৩০০ |
| হলমার্ক সোনার গয়না (৯১৬/২২ ক্যারেট ১০ গ্রাম) | ৮৩৯৫০ |
| রুপোর বাট (প্রতি কেজি) | ৯৭৯৫০ |
| খুচরো রুপো (প্রতি কেজি) | ৯৮০৫০ |

* দর টাকায়, জিএসটি এবং টিসিএস আলাদা

পঃবঃ বুলিয়ান মার্চেন্টস্ অ্যান্ড জুয়েলার্স অ্যাসোসিয়েশনের বাজারদর

## কর্মখালি

দোকানের জন্য লস্যি, ফালুদা, জুস প্রভৃতি বানাতে জানা দক্ষ কর্মচারী চাই শিলিগুড়ি। 7908609530 (M). (C/115274)

## বিক্রয়

Ready to move premium Flat and Garage cum Godown at Hakimpara for sale. M : 9434048373. (C/115688)

## হারানো/প্রাপ্তি

I Tanima Paswan residing at Pandapara, Checkpost, Kotwali, Jalpaiguri, 735132, West Bengal lost deed being no. 865/2013, registered at ADSR Jalpaiguri. If any one finds the deed kindly contact : 8967590735. (C/115690)

আমি Prerna Lohara, পিতা - Raju Lohara। ঠিকানা চুয়াপাড়া T.G, PO : কালচিনি, জেলা আলিপুরদুয়ার। আমার ST সার্টিফিকেট (No WB2001ST201802634) হারিয়ে গেছে। কেউ পেলে ফোন করুন - 9883202335. (C/115514)

## অ্যাফিডেভিট

I Manoj Das, S/o. Shibu Das of Roy para, Ward No. 16, Dhupguri, Jalpaiguri declared before the Court of Executive Magistrate, Jalpaiguri on 19-11-2024 that Manoj Das and Goutam Das are same and one identical person. (C/115687)

আমি মনা স্বর 19/9/2024 তারিখে জলপাইগুড়ি E.M. কোর্টে অ্যাফিডেভিট বলে মনা স্বর থেকে তুলসী মোহন্ত হয়েছি। (C/114780)

## আলিপুরদুয়ার মণ্ডলে ট্র্যাক সার্কিটের ব্যবস্থা করা

ই-টেণ্ডার নোটিস নং. এসএণ্ডটি/এপিডিজে/২৭ তারিখঃ ২০-০৩-২০২৫। নিম্নলিখিত কাজের জন্যে নিম্নস্বাক্ষরকারীর দ্বারা ই-টেণ্ডার আহ্বান করা হয়েছে। ই-টেণ্ডার সংখ্যা. এপি-এসটি-২৭-২০২৪-২৫। কাজের নামঃ আলিপুরদুয়ার মণ্ডলেঃ নিউ কোচবিহার য়ার্ডে জল জমা হওয়ার জন্যে এমএসডিএসি ব্যবহার করে ট্র্যাক সার্কিটের ব্যবস্থা করা। টেণ্ডার রাশিঃ ৪,০৭,৮৪,৩৭৮/- টাকা। বায়না রাশিঃ ৩,৫৩,৯০০/- টাকা। টেণ্ডার জমা করার অন্তিম তারিখ এবং সময়ঃ ১৬-০৪-২০২৫ তারিখের ১৫.০০ ঘন্টায় এবং খোলা যাবেঃ ১৬-০৪-২০২৫ তারিখে ই-টেণ্ডার বন্ধ হওয়ার পরে। উপরোক্ত ই-টেণ্ডারের টেণ্ডার প্র-পত্রের সঙ্গে সম্পূর্ণ বিবরণ www.ireps.gov.in ওয়েবসাইটে উপলব্ধ থাকবে।

ডিআরএম (এসএণ্ডটি), আলিপুরদুয়ার মণ্ডল
উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ে
"প্রসন্নচিত্তে গ্রাহক পরিষেবায়"

## ট্র্যাক, পি-ওয়ে, বিল্ডিং, ইয়ার্ড উন্নয়নের কাজ ইত্যাদি

টেন্ডার বিজ্ঞপ্তি নং ঃ কেআইআর/ইএনজিজি./১৩ অফ ২০২৫; তারিখ ঃ ১৮-০৩-২০২৫; নিম্নলিখিত কাজের জন্য নিম্নস্বাক্ষরকারী দ্বারা ই-টেন্ডার আহ্বান করা হয়েছে। টেন্ডার নং ঃ ১; কাজের সংক্ষিপ্ত বিবরণ ঃ কাটিহার ডিভিশনে- ট্র্যাক মেশিন সাইডিং এবং সুবিধার ব্যবস্থা- ১০টি (পি ওয়ে কাজ এবং ফর্মেশন কাজ)। টেন্ডার মূল্য ঃ ৬,২৪,৬২,৪২৯.০৮/-টাকা; বায়না মূল্য ঃ ৪,৬২,৩০০/- টাকা; টেন্ডার নংঃ ২; কাজের সংক্ষিপ্ত বিবরণ ঃ কাটিহার ডিভিশন - সিনিয়র ডিইএন/II/কাটিহার -এর এখতিয়ারের অধীনে ট্র্যাক মেশিন সাইডিং এবং সুবিধার ব্যবস্থা ১০টি। টেন্ডার মূল্যঃ ১৪,১৪,৫৭,৭৭০.০৭/-টাকা; বায়না মূল্য ঃ ৮,৫৭,৩০০/-টাকা; টেন্ডার নংঃ ৩; কাজের সংক্ষিপ্ত বিবরণ ঃ সিনিয়র ডিইএন/III/কাটিহার -এর এখতিয়ারাধীন সুকনা থেকে দার্জিলিং সেকশনের মধ্যে এনজি টিটিআর ১ ইন ৮.৫। (মোট = ৫৩ সেট)। টেন্ডার মূল্যঃ ১,৪৩,৪৭,২৮৬.১৩/-টাকা; বায়না মূল্য ঃ ২,২১,৭০০/- টাকা; টেন্ডার নংঃ ৪; কাজের সংক্ষিপ্ত বিবরণ ঃ সিনিয়র ডিইএন/I/কাটিহার -এর এখতিয়ারাধীন ইবি-২২ -এর সাথে মার্জ করে এলসি ইবি-২১ নির্মূল। টেন্ডার মূল্যঃ ৪,৯৯,০৩,৭৯৮.৮০/-টাকা; বায়না মূল্য ঃ ৩,৯৯,৫০০/- টাকা; টেন্ডার নংঃ ৫, কাজের সংক্ষিপ্ত বিবরণ ঃ ইয়ার্ড উন্নয়ন- কুমেদপুর ইয়ার্ড (ইয়ার্ডের উন্নতির জন্য ক্রস ওভার স্থানান্তর)। টেন্ডার মূল্যঃ ৭৪,৬৭,১৬৫.৪৪/- টাকা; বায়না মূল্য ঃ ১,৪৯,৪০০/- টাকা;

উপরোক্ত সকল টেন্ডার বন্ধের তারিখ ও সময় ১৬-০৪-২০২৫ তারিখে ১৫:০০ টায় এবং খোলা ১৬-০৪-২০২৫ তারিখে ১৫:৩০ ঘণ্টায়। উপরোক্ত ই-টেন্ডারের টেন্ডার নথি সহ সম্পূর্ণ তথ্য ১৬-০৪-২০২৫ তারিখে ১৫:০০ টায় পর্যন্ত www.ireps.gov.in ওয়েবসাইটে পাওয়া যাবে।

ডিআরএম (ডব্লিউ), কাটিহার
উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে
প্রসন্ন চিত্তে মানুষের সেবায়

## বিজ্ঞপ্তি

আমি শ্রী মহানন্দ বর্মন, পিতা স্বর্গীয় শ্রী যোগেশ চন্দ্র বর্মন, গ্রাম - মধুপুর, পো - খুটিমারা, জেলা - কোচবিহার বাসিন্দা হইতেছি।
শ্যামাপ্রসাদ সরণি, গুড়িয়াহাটি মৌজায় 7150 নং দলিল মূলে 2162 দাগ এলআর খতিয়ান নং 8167 এবং 8437 নং দলিল মূলে 2162 দাগ এলআর খতিয়ান নং 571 (রেকর্ডভুক্ত রায়তের নাম শ্রীমতী গায়েত্রী চক্রবর্তী, শ্রীমতী অর্চনা বর্মা এবং শ্রীমতী পারমিতা চক্রবর্তী)-এর নিকট হইতে 8167 এবং 571 নং দাগের উপর 3.2175 শতাংশ পরিমাণ তারিখ 12/08/2024-এ 5326/24 নং আমমোক্তারনামা দলিল মূলে (আমমোক্তারনামা গ্রহীতার নাম শ্রী বিশ্বজিৎ বর্মন)-এর নিকট হইতে ক্রয় করিয়াছি এবং MN/2025/0801/3934 নং নামপত্তন কেস মূলে কোচবিহার-1 নং বি.এল.অ্যান্ড.এল.আর - সি অফিসে রেকর্ডের জন্য আবেদন করিয়াছি। এই বিষয়ে কাহারও কোনও আপত্তি থাকিলে এই বিজ্ঞপ্তি প্রকাশের 30 (ত্রিশ) দিনের মধ্যে কোচবিহার-1 নং বি.এল.অ্যান্ড.এল.আর-সি অফিসে যোগাযোগ করিতে বলা হচ্ছে।

Sahakari Sabhadhipati
Cooch Behar Zilla Parishad
Cooch Behar

## Office of the Panchayat Samity Tufanganj-I Panchayat Samity Tufanganj, Cooch Behar

### NOTICE INVITING TENDER

E-Tender are invited vide this office Memo No. 961, NIT NO-16(EO)/2024-25 Dated : 24-03-2025 & Memo No. 962, NIT NO-17(EO)/2024-25 Dated : 24-03-2025. Last date of Bid submission is 01-04-2025 & 07-04-2025 Intending tenderers may contact this Office for details.

Sd/-
Executive Officer
Tufanganj-I Panchayat Samity

## TENDER NOTICE

NIT No: 32/NKT/24-25 dated: 19/03/25 fund: 5th SFC is invited by the undersigned. Last date of submission of tender bid is 28/03/2025. The details of the NIT may be viewed & downloaded from the website of Govt. of West Bengal https://wbtenders.gov.in and office notice board of the undersigned.

Sd/-
BDO & Executive Officer
Nagrakata Panchayet Samity

## PUBLIC NOTICE

Notice is hereby given to the public at large that, my client JATAN DUTTA, S/o Lt R. N. Dutta, W.No - 15, Siliguri, took possession of Shop No. EB-1 from Barun Talukdar, S/o Lt B. Talukdar, W. No. 6, Siliguri, who was the tenant of the said shop and had applied to the school authority to transfer his tenancy in favour of Sri Jatan Dutta in writing already with supporting documents.
Now Sri Jatan Dutta is intending to make Tenancy Agreement with School Authority of Nilnalini Bidya Mandir, Siliguri. If Barun Talukdar [as he is not found] or any of his legal heirs have any objection about the said tenancy agreement should send their claims to the undersigned or to the School Authority with their documentary evidence in support of the said claims thereof within 15 days of publication of this notice, failing which the claims if any shall be deemed to have been waived or abandoned.

Regards
SHEKHAR PATRA
Advocate, Siliguri
Ph : 98324-18880

## স্টোরস ই-প্রকিউরমেন্ট

সামগ্রী যোগানের হেতু ই-প্রকিউরমেন্ট টেণ্ডার নোটিস নং. এস/৬৬/০২৪/২৪-২৫ তারিখঃ ২০-০৩-২০২৫। নিম্নলিখিত কাজের জন্যে নিম্নস্বাক্ষরকারীর দ্বারা ই-টেণ্ডার আহ্বান করা হয়েছেঃ

টেণ্ডার সংখ্যা. এনজে২৪৫৬৩৫বি
বন্ধ/খোলার তারিখঃ ১০-০৪-২০২৫

**সংক্ষিপ্ত বিবরণঃ** এসআইপি কমপ্লিট অনুসারে উল্লেখিত ডিটেকশন পইন্ট এবং ট্রেক খণ্ডের জন্যে প্রত্যেক ট্র্যাক ডিভাইস এবং কার্ড যেমনঃ এক্সলে ডিটেক্টর্স, ট্র্যাক সাইড ইলেক্ট্রনিকস/ডিএসি ফিল্ড ইউনিট, সেন্ট্র্যাল ইভালুয়েটের সহিত আবশ্যক হওয়া ক্যাবল এবং সমস্ত সরঞ্জাম সহিত (সিষ্টেমটির সঙ্গে যোগান দেওয়া এক পূর্ব নির্মিত রেকে সেন্ট্র্যাল ইভাল্যুয়েটের ইউনিট থাকতে হবে), মাল্টি সেকশন ডিজিট্যাল এক্সলে কাউন্টারের (এমএসডিএসি) যোগান, পরিবহন, স্থাপন, ওয়ারিং, পরীক্ষণ এবং কমিশ্বনিং। আরডিএসও স্পেসিফিকেশন নং. আরডিএসও/এসপিএন/১৭৬/২০১৩ ভিইআর.৩ অথবা অনন্তিম এবং ওইএম/নির্মাতার স্পেসিফিকেশন অনুসারে বিভিন্ন ডিটেকশন পইন্ট এবং ট্র্যাক খণ্ডের জন্যে আবশ্যক হওয়া রিসেট ইউনিট, রিলে ইউনিট, ইভেন্ট লগার এবং ডায়াগনষ্টিক টার্মিন্যাল আদি (প্রতি ডিপি = টি)। কনসাইনিঃ এসএসই/এসআইজি/নিউ জলপাইগুড়ি, এনএফআর। **পরিমাণঃ** ১২ টি।

**নোটঃ** টেণ্ডার নোটিস এবং টেণ্ডার প্র-পত্রের সম্পূর্ণ তথ্যের জন্যে টেণ্ডারকর্তাগণ **(www.ireps.gov.in)** ওয়েবসাইটে লগ অন করতে পারবেন। প্রত্যাশিত ডাককর্তাগণ যারা উপরোক্ত টেণ্ডারে অংশগ্রহণ করতে চায়, যদি উনারা ইতিমধ্যে **আইআরইপিএস** ওয়েবসাইটে পঞ্জীয়নভূক্ত হয়, তাহলে উনারা উপরোক্ত ওয়েবসাইটে নিজেদের লগ অন করতে হবে এবং ইলেক্ট্রনিক্যালি ওনাদের প্রস্তাব দাখিল করতে হবে। যদি উনারা **আইআরইপিএসে** পঞ্জীয়ন করে নেই, তাহলে ভারত সরকারের আইটি য়্যাক্ট ২০০০ এর অধীনে অনুমোদিত এজেন্সী থেকে ক্লাস-III ডিজিট্যাল সিগনেচার প্রাপ্ত করার জন্যে এবং উপরোক্ত টেণ্ডারে অংশগ্রহণ করার জন্যে উনাদেরকে পরামর্শ দেওয়া হল।

উপ মুখ্য সামগ্রী প্রবন্ধক, নিউ জলপাইগুড়ি
উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে
"প্রসন্নচিত্তে গ্রাহক পরিষেবায়"


# মাঝিয়ান ক্যাম্পাসে কলা চাষের সম্প্রসারণ

**সাজাহান আলি**

**পতিরাম, ২৪ মার্চ :** প্রথম দফায় প্রায় ৮০০টি কলা গাছ লাগিয়ে আশানুরূপ ফলন হয়েছে। কলা বিক্রি করে ভালো দামও মিলেছে। তাই প্রথমবারের সাফল্যে উৎসাহিত হয়ে দ্বিতীয় দফায় আরও একটি কলাবাগান তৈরির কাজ চলছে জোরকদমে। এবার আরও বেশি কলাগাছ লাগিয়ে ব্যাপক ফলনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে মাঝিয়ানে। কর্তৃপক্ষের আশা, দ্বিতীয় পর্যায়ে কলা চাষের ক্ষেত্রেও ব্যাপক ফলন হবে এবং আর্থিকভাবে আরও বেশি লাভবান হওয়া যাবে।

দক্ষিণ দিনাজপুর জেলার ঐতিহ্যবাহী প্রতিষ্ঠান হিসাবে মাঝিয়ান আঞ্চলিক গবেষণা কেন্দ্রে (আরআরএস) বিভিন্ন কৃষি বিষয়ক ফসলের গবেষণার পর তাঁর সুফল চাষিদের মধ্যে ছড়িয়ে হয়। সম্প্রতি মাঝিয়ানের এই কেন্দ্রে প্রায় ৮০০ র বেশি বিভিন্ন প্রজাতির কলাগাছ লাগিয়ে কলা চাষ শুরু হয়েছে। শুধু তাই নয়, প্রথম পর্যায়ে লাগানো সাগর কলা, চাপা কলা ও মানিক কলা বিক্রি করে ইতিমধ্যেই লক্ষাধিক টাকা আয় করেছে মাঝিয়ান কর্তৃপক্ষ। দ্বিতীয় পর্যায়ে কলাচাষের সম্প্রসারণ শুরু হয়েছে সম্প্রতি। এই পর্যায়ে আরও অনেক বেশি উন্নতমানের ২০০০টি কলাগাছের বাগান তৈরির উদ্যোগ ইতিমধ্যেই অনেকাংশে সম্পূর্ণ হয়েছে। বিষয়টি জিজ্ঞাসা করা হলে মাঝিয়ান ক্যাম্পাসের ইনচার্জ তথা কৃষি কলেজের ডিন ডঃ জ্যোতির্ময় কারফর্মা বলেন, 'প্রথম পর্যায়ে পরীক্ষামূলকভাবে কলা চাষ করে খুব ভালো সাফল্য মিলেছে। এরফলে আমরা সকলেই ভীষণ উৎসাহিত হয়েছি। তাই দ্বিতীয় পর্যায়ে আরও বেশি কলাগাছ লাগিয়ে দ্বিগুণ উৎসাহে কলা চাষ সম্প্রসারণের কাজ শুরু হয়েছে। আশা করছি, এবারে সাগর কলা, মানিক কলা ও চাপা কলার ফলন আরও বেশি হবে এবং আগের তুলনায় আরও বেশি দাম মিলবে।'

উত্তরবঙ্গ কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য দেবব্রত বসু মাঝিয়ান ক্যাম্পাসে এসে এই মডেল কলার চাষ দেখে প্রশংসা করেছেন। উপাচার্য উত্তরবঙ্গ সংবাদকে বলেন, 'আমরা বিভিন্ন ক্যাম্পাসকে এই ধরনের ফসলের চাষ করে আর্থিকভাবে স্বনির্ভর হওয়ার জন্য পরামর্শ দিচ্ছি ও উৎসাহিত করছি। আশা করি, মাঝিয়ান ক্যাম্পাস কলার মতো অর্থকরী ফলের চাষের মাধ্যমে আগামীদিনে আর্থিকভাবে আরও বেশি সমৃদ্ধ হয়ে উঠবে।'



কলা তোলা হচ্ছে গাড়িতে। সোমবার পতিরামে। - সংবাদচিত্র

# স্পিডব্রেকারে ফ্লুরোসেন্ট স্টিকার

**রায়গঞ্জ, ২৪ মার্চ :** জাতীয় সড়কে একের পর এক দুর্ঘটনায় মৃত্যু হয়েছে তরুণ থেকে শুরু করে ব্যবসায়ীদের। দুর্ঘটনার কারণ খুঁজতে গিয়ে রায়গঞ্জ জেলা ট্রাফিক পুলিশের সমীক্ষায় উঠে আসে আলোর অভাব। যে কারণে চালকেরা দূর থেকে স্পিডব্রেকার দেখতে পান না। গাড়ি দুর্ঘটনার মুখে পড়ে।

দুর্ঘটনা এড়াতে স্পিডব্রেকারগুলিতে ফ্লুরোসেন্ট স্টিকার লাগানোর সিদ্ধান্ত নিয়েছে রায়গঞ্জ জেলা ট্রাফিক পুলিশ। এর ফলে দূর থেকে স্পিডব্রেকার দেখতে কোনও সমস্যা হবে না। সেই সঙ্গে জাতীয় সড়ক জুড়ে বসবে গার্ডরেল। একাধিক জায়গায় আলোর ব্যবস্থাও করা হচ্ছে।

রায়গঞ্জ জেলা ট্রাফিকের ওসি দিলীপ রায় বলেন, 'জাতীয় সড়কে আমরা ফ্লুরোসেন্ট স্টিকার এবং গার্ডরেল লাগানোর ব্যবস্থা করব। আশা করছি, এর ফলে গাড়ির গতি নিয়ন্ত্রণ করা সম্ভব হবে। দুর্ঘটনার হাত থেকে মানুষ এবং চালকেরা রক্ষা পাবেন।'


## পিক-আপ ভ্যান বিক্রি

শিলিগুড়িতে বোলেরো ম্যাক্সি ট্রাক, বিএস ফোর, ২০১৫ সালে তৈরি, ঢাকা ছাদের গাড়ি বিক্রি হবে। গাড়িটি উত্তম রানিং কন্ডিশনে রয়েছে। আগ্রহীরা ফোন করুন ৯৬৭৮০৭২০৮৭ নম্বরে।


## আজ টিভিতে



ত্রিকোণ প্রেমের টানাপোড়েন কি বদলে দেবে দুই বোনের জীবন? **অনুরাগের ছোঁয়া ১০০০ পর্ব রাত ৯.৩০ স্টার জলসা**

### সিনেমা

**কালার্স বাংলা সিনেমা :** সকাল ৭.০০ নাচ নাগিনী নাচ রে, ১০.০০ ইন্দ্রজিৎ, দুপুর ১.০০ আওয়ারা, বিকেল ৪.০০ বোঝেনা সে বোঝেনা, সন্ধে ৭.৩০ নবাব নন্দিনী, রাত ১০.৩০ খিলাড়ি, ১.০০ আমার সাথী
**জলসা মুভিজ :** দুপুর ১.৩০ শুধু একবার বলো, বিকেল ৪.২৫ বস্তির মেয়ে, রাত ৮.০০ অন্ধ বিচার, ১১.০৫ ডিজে
**জি বাংলা সিনেমা :** বেলা ১১.৩০ বউরাণী, দুপুর ২.৩০ স্বয়ংসিদ্ধা, বিকেল ৫.০০ পূজা, রাত ১০.০০ মেজবউ, ১২.৪৫ আজকের শর্টকাট
**ডিডি বাংলা :** দুপুর ২.৩০ বরযাত্রী
**কালার্স বাংলা :** দুপুর ২.০০ প্রতিবাদ
**আকাশ আট :** বিকেল ৩.০৫ কন্যাদান
**জি সিনেমা :** দুপুর ১২.২০ ড্রিম গার্ল, বিকেল ৩.০০ ওএমজি : ও মাঞ্চি ঘোস্ট, ৫.১০ আচার্য, রাত ৮.০০ ক্রুস লি : দ্য ফাইটার, ১০.৪০ কসম হিন্দুস্তান কি
**অ্যান্ড পিকচার্স :** বেলা ১১.০৫ রুস্তম, দুপুর ২.১০ জুদাই, বিকেল ৫.১২ খিলাড়ি, রাত ৮.০০ ওয়েলকাম ব্যাক, ১০.৫০ গুড নিউজ
**অ্যান্ড এক্সপ্লোর এইচডি :** দুপুর ১.২১ গল্লি বয়, বিকেল ৪.০৩ নাম শবানা, সন্ধে ৬.৩৬ শমিতাভ, রাত ৯.০০ রাজি, ১১.২১ ডন-টু



**কন্যাদান** বিকেল ৩.০৫ **আকাশ আট**



বসন্তের বিরিয়ানি পর্বে **ফিশ টিক্কা বিরিয়ানি** তৈরি শেখাবেন গীতিকা বিশ্বাস। **রাঁধুনি** দুপুর ১.৩০ **আকাশ আট**



**টিউবলাইট** রাত ৯.০০ **স্টার গোল্ড সিলেক্ট**

**স্টার গোল্ড সিলেক্ট :** দুপুর ১.০০ পাটিয়ালা হাউস, বিকেল ৩.৩০ তুম মিলে, সন্ধে ৬.০০ মিস ভানুমতী, সন্ধে ৭.৫১ মাই সন ইজ গে, রাত ৯.০০ টিউবলাইট, ১১.১৫ মুক্তি ভবন



দুর্গার অ্যাকশনে ধরাশায়ী গুন্ডাবাহিনী। **জগদ্ধাত্রী সন্ধে ৭.০০ জি বাংলা**


E-tender is being invited for supplying of ANSWER SCRIPTS at Jalpaiguri Government Engineering College,
Details may be seen :-
http://wbtenders.gov.in and
www.igec.ac.in
from : 24.03.2025 at 12.00 hours.
No. JGEC/2025/Answer_Scripts/1
Sd/- Principal, JGEC.

## পূর্ব রেলওয়ে

### ই-অকশন বিজ্ঞপ্তি

সিনিয়র ডিভিসনাল কমার্শিয়াল ম্যানেজার, পূর্ব রেলওয়ে, মালদা টাউন, ডিভিসনাল রেলওয়ে ম্যানেজার, পূর্ব রেলওয়ে, মালদা টাউন অফিস বিল্ডিং, ডাকঘরঃ ঝলঝলিয়া, জেলাঃ মালদা, পিনঃ ৭৩২১০২ (পশ্চিমবঙ্গ) (অকশন পরিচালনাকারী আধিকারিক) নিম্নলিখিত কাজের জন্য ই-অকশন আহ্বান করছেনঃ **কাজের নামঃ** মালদা ডিভিসনের জামালপুর (জেএমপি) ও সাহেবগঞ্জ (এসবিজি) রেলওয়ে স্টেশনে পার্কিং লট পরিচালনা। ই-অকশন ক্যাটালগ www.ireps.gov.in-তে প্রকাশিত হয়েছে। **অকশন ক্যাটালগ নংঃ পার্কিং-২৫-০৪। ক্রমিক নং.১, লট নং.ঃ** পার্কিং-এমএলডিটি-জেএমপি-এফডব্লু-৪৪-২৫-১, **স্টেশনঃ** জামালপুর (জেএমপি)। **ক্রমিক নং.২, লট নং.ঃ** পার্কিং-এমএলডিটি-এসবিজি-টিডব্লু-৭২-২৫-২, **স্টেশনঃ** সাহেবগঞ্জ (এসবিজি)। **অকশন শুরুর তারিখঃ** ০৭.০৪.২০২৫ তারিখ সকাল ১১টা ৪৫ মিনিট। সম্ভাব্য বিডদাতাদের আরও বিস্তারিত বিবরণের জন্য আইআরইপিএস ই-অকশন মডিউল দেখতে অনুরোধ করা হচ্ছে। MLD-256/2024-25

পূর্ব রেলওয়ে ওয়েবসাইটঃ www.er.indianrailways.gov.in/www.ireps.gov.in - এও টেন্ডার বিজ্ঞপ্তি পাওয়া যাবে

আমাদের অনুসরণ করুন: @EasternRailway @easternrailwayheadquarter




জন্মদিনে অথবা বিবাহবার্ষিকীতে শুভেচ্ছা জানাতে, হবু জামাই অথবা পুত্রবধূ খুঁজতে, চাকরির খোঁজ পেতে অথবা শূন্যপদের জন্য প্রার্থী খুঁজতে, কখনও বা হারিয়ে যাওয়া প্রিয়জনকে খুঁজে পেতে বিজ্ঞাপন দেওয়ার প্রয়োজন হয়।
আর বিজ্ঞাপন দেওয়ার জন্য উত্তরবঙ্গের বাসিন্দাদের একমাত্র পছন্দ উত্তরবঙ্গ সংবাদ। আমরা সেই বিজ্ঞাপন দেওয়ার পথ অনেক সহজ করে দিচ্ছি।
আপনাকে আসতে হবে না। শুধু আপনি যেমন ভাষায় বিজ্ঞাপন দিতে চান লিখে পাঠিয়ে দিন আমাদের হোয়াটসঅ্যাপ নম্বরে। আমাদের প্রতিনিধি যোগাযোগ করবেন আপনার সঙ্গে।
ভেবে দেখুন, আমাদের কাছে একটি হোয়াটসঅ্যাপ মেসেজ পাঠিয়ে আপনি কত সহজে কত লক্ষ মানুষের কাছে পৌঁছে যেতে পারছেন।

হোয়াটসঅ্যাপ অথবা মেসেজ করুন
৯০৬৪৮৪৯০৯৬
এই নম্বরে

উত্তরবঙ্গের আত্মার আত্মীয়
উত্তরবঙ্গ সংবাদ


## আজকের দিনটি

**শ্রীদেবাচার্য্য**
৯৪৩৪৩১৭৩৯১

**মেষ :** মায়ের শরীর নিয়ে দুশ্চিন্তা কেটে যাবে। নতুন কোনও চাকরির প্রস্তাব পেতে পারেন। **বৃষ :** সামান্য অলসতার কারণে ভালো সুযোগ হাতছাড়া হতে পারে। সাংসারিক ঝামেলা মিটে যেতে পারে। **মিথুন :** পরিবারের কোনও এক সদস্যের সুখবরে আনন্দ। পথে চলতে খুব সতর্ক থাকুন। **কর্কট :** কর্মক্ষেত্রে কাজের চাপ বাড়বে। ব্যবসার কারণে দূরে যেতে হতে পারে। **সিংহ :** বেহিসেবি খরচে রাশ টানুন। কোনও প্রস্তাব নিয়ে এলে ভেবে গ্রহণ করবেন। **কন্যা :** সামান্য কারণে রেগে গিয়ে হওয়া কাজ পণ্ড হতে পারে। প্রেমে শুভ। **তুলা :** নতুন কোনও সম্পর্কে জড়িয়ে পড়তে পারেন। দীর্ঘদিনের ফেলে রাখা কাজ শুরু করতে পারেন। **বৃশ্চিক :** বাড়িতে অতিথি সমাগমে আনন্দ। বহুদিন আগের কোনও কাজের সুফল পাবেন। **ধনু :** ভাইয়ের সঙ্গে পৈতৃক সম্পত্তি নিয়ে সামান্য মতভেদ। প্রেমে শুভ। **মকর :** অফিসে সহকর্মীরা আপনার বিরোধিতা করতে পারে। সব কাজ সম্পূর্ণ করুন। **কুম্ভ :** সামান্যতেই খুশি থাকুন। অতিরিক্ত খেয়ে শরীর খারাপ হতে পারে। **মীন :** ঈশ্বরে বিশ্বাস আজ গভীর হবে। প্রিয় বন্ধুর সহযোগিতায় কোনও কাজ সম্পূর্ণ হবে।

## দিনপঞ্জি

শ্রীমদনগুপ্তের ফুলপঞ্জিকা মতে ১১ চৈত্র ১৪৩১, ভাঃ ৪ চৈত্র, ২৫ মার্চ, ২০২৫, ১১ চ'ত, সংবৎ ১১ চৈত্র বদি, ২৪ রমজান। সূঃ উঃ ৫।৪২, অঃ ৫।৪৬। মঙ্গলবার, একাদশী রাত্রি ১১। ৪৭। শ্রবণানক্ষত্র রাত্রি ১২।২১। শিবযোগ দিবা ১১।৩৩। ববকরণ দিবা ১২।১১ গতে বালবকরণ রাত্রি ১১।৪৭ গতে কৌলবকরণ। জন্মে- মকররাশি বৈশ্যবর্ণ মতান্তরে শূদ্রবর্ণ দেবগণ অষ্টোত্তরী বৃহস্পতির ও বিংশোত্তরী চন্দ্রের দশা, রাত্রি ১২।২১ গতে রাক্ষসগণ অষ্টোত্তরী রাহুর ও বিংশোত্তরী মঙ্গলের দশা। মৃতে- একপাদদোষ, রাত্রি ১১।৪৭ গতে দ্বিপাদদোষ। যোগিনী- অগ্নিকোণে, রাত্রি ১১।৪৭ গতে নৈর্ঋতে। বারবেলাদি ৭।১২ গতে ৮।৪৩ মধ্যে ও ১।১৪ গতে ২।৪৫ মধ্যে। কালরাত্রি ৭।১৫ গতে ৮।৪৫ মধ্যে। যাত্রা- নাই। শুভকর্ম- রাত্রি ১১।৪৭ মধ্যে গর্ভাধান। বিবিধ (শ্রাদ্ধ)- একাদশীর একোদ্দিষ্ট ও সপিণ্ডন। একাদশীর উপবাস (পাপমোচনী)। অমৃতযোগ- দিবা ৭।৫৪ গতে ১০।২৩ মধ্যে ও ১২।৫৩ গতে ২।৩২ মধ্যে ও ৩।২২ গতে ৫।১ মধ্যে এবং রাত্রি ৬।৩৭ মধ্যে ও ৮।৫৬ গতে ১১।১৫ মধ্যে ও ১।৩৩ গতে ৩।৬ মধ্যে।

### টিউবওয়েলের বিষে গৌরী পঞ্চায়েতে আতঙ্কের আবহ

# ভূগর্ভের জলে মারণ ব্যাকটিরিয়া

**বিশ্বজিৎ সরকার**

**রায়গঞ্জ, ২৪ মার্চ :** পানীয় জলে মারণ বিষ। রায়গঞ্জ ব্লকের গৌরী গ্রাম পঞ্চায়েতের বাড়ি বাড়ি টিউবওয়েলের জলের নমুনা পরীক্ষায় 'ফিক্যাল কলিফর্ম' ব্যাকটিরিয়ার হদিস মিলতেই জাঁকিয়ে বসেছে আতঙ্ক। যে ব্যাকটিরিয়া মানুষের মলে থাকার কথা, তা পানীয় জলে এল কেমন করে? কারণ জানতে গিয়ে হাতে এসেছে শিউড়ে ওঠার মতো তথ্য। পিএইচই কর্তাদের সন্দেহ, উন্মুক্ত শৌচালয়ের মলমূত্রের সঙ্গে নলকূপের জলস্তর মিলে যাওয়াতেই ভয়াবহ এই বিপত্তি। এক্ষেত্রে প্রশ্ন উঠছে, নির্মল মিশন বাংলা প্রকল্পের কাজ কেন শুরু হয়নি এলাকায়?

রায়গঞ্জ শহর থেকে ১০ কিলোমিটার দূরেই গৌরী গ্রাম পঞ্চায়েতের জনসংখ্যা প্রায় ১০ হাজার। রয়েছে পাকা রাস্তা, হাইস্কুল। দীর্ঘদিন ধরেই গৌরী

গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত গোয়ালদহ, অনন্তপুর, ভিটিহার, দুপদুয়ার, রহমতপুর, বিষাহার এলাকার বাসিন্দাদের পেটের রোগ লেগেই রয়েছে। এরপর গ্রাম পঞ্চায়েতের জলবন্ধু বিশু মহম্মদ প্রতিটি সংসদের জলের নমুনা সংগ্রহ করে কর্ণজোড়ায় পরীক্ষাগারে পাঠান। সেই জলের পরীক্ষা করিয়ে রিপোর্ট জমা দেন পঞ্চায়েত দপ্তরে। তাতেই দেখা যায়, প্রতি ১০০ মিলিমিটার জলে ২০-৬০টি ব্যাকটিরিয়া রয়েছে। এতেই চিন্তা বেড়েছে পঞ্চায়েত কর্তাদের।

জেলা স্বাস্থ্যকর্তাদেরও দাবি, এই ধরনের ব্যাকটিরিয়া জলে থাকলেই বিপদ। সংগ্রহ করা জলের নমুনায় যে মাত্রায় ব্যাকটিরিয়ার হদিস মিলেছে, তা অত্যন্ত মারাত্মক। কি হতে পারে

**সমস্যার খতিয়ান**

- নলকূপগুলির গভীরতা ৩০ ফুট
- কাঁচা শৌচালয়ের মলমূত্রের সঙ্গে নলকূপের জল মিলে যাওয়াতে বিপত্তি ঘটেছে
- ফিক্যাল কলিফর্ম' ব্যাকটিরিয়া বিপজ্জনক
- এটি থেকে কলেরা, ডায়ারিয়া, জন্ডিসে আক্রান্ত হওয়ার বিপদ বাড়ে

এই ব্যাকটিরিয়ার সংক্রমণে? জেলা স্বাস্থ্যকর্তাদের বক্তব্য, 'ফিক্যাল কলিফর্ম' ব্যাকটিরিয়া বিপজ্জনক। এটি থেকে কলেরা, ডায়ারিয়া, জন্ডিসে আক্রান্ত হওয়ার বিপদ বাড়ে।

পিএইচই কর্তারা জানিয়েছেন, নলকূপের মাধ্যমে কমপক্ষে ১০০ ফুট গভীর এলাকা থেকে জল তোলা উচিত। কিন্তু ওই এলাকার নলকূপগুলির গভীরতা সর্বোচ্চ ৩০ ফুট। কাঁচা শৌচালয়ের মলমূত্রের সঙ্গে নলকূপের জল মিলে যাওয়াতে বিপত্তি ঘটেছে। পিএইচই দপ্তরের অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার হেমন্ত কুমার রায়ের বক্তব্য, 'দীর্ঘদিন আগে উত্তর দিনাজপুর জেলার ইসলামাপুর মহকুমা এলাকায় জলের মধ্যে ক্যালিফরম ব্যাকটিরিয়া পাওয়া গিয়েছিল। কোনও একটি অনুষ্ঠানবাড়িতে নিমন্ত্রণ খেয়ে প্রায় ৬০ জন হাসপাতালে ভর্তি হয়েছিলেন। ওই দপ্তরের এক্সিকিউটিভ ইঞ্জিনিয়ার সন্দীপ গঙ্গোপাধ্যায় বলেন, 'আমাদের এখানে জলের পরীক্ষার জন্য যাবতীয় যন্ত্র দিয়ে ঘর তৈরি হয়েছে। ফলে সহজেই জলবন্ধুদের মারফত জলের রিপোর্ট পেয়ে যাই।'

গৌরী গ্রাম পঞ্চায়েতের প্রধান রুমা পারভিনের বক্তব্য, 'এলাকার সবকটি গ্রামের টিউবওয়েলের জলের নমুনা পরীক্ষা করা হয়। সেই রিপোর্টেই কলিফর্ম ব্যাকটিরিয়া ও দুই খনিজের মাত্রাতিরিক্ত উপস্থিতি মেলে। তারপর দূষিত জল খেতে নিষেধ করা হয়েছে। কিন্তু বিকল্প ব্যবস্থা না থাকায় গ্রামবাসী সেই জল পান করছেন।' পঞ্চায়েতের উপপ্রধান কমল সিংহ বলেন, 'গ্রাম পঞ্চায়েতের প্রতিটি সংসদে একটি করে মার্ক-টু টিউবওয়েল লাগানো হয়েছে। জল দূষণের ব্যাপারে জেলা প্রশাসনকে জানানো হয়েছে। কিছু কিছু সংসদে নির্মল বাংলা গড়ার কাজ হয়েছিল।'

ওই এলাকার পানীয় জলে আয়রনের পরিমাণ ৪.৯ পিপিএম এবং ম্যাঙ্গানিজের পরিমাণ ৯.৭ পিপিএম, যা স্বাভাবিকের চেয়ে অনেক বেশি।

# স্পষ্ট জবাব নেই

অভাব-অভিযোগ, চাওয়াপাওয়ার আশাতেই জনপ্রতিনিধি নির্বাচন করেন এলাকাবাসী। তাঁদের সমস্যা এবং সেসব সমাধানের উপায় খুঁজতে জনপ্রতিনিধিদের কাছে জনতার প্রশ্নের তালিকা নিয়ে **উত্তরবঙ্গ সংবাদ**

**জনতার চার্জশিট**

**উদয়পুর গ্রাম পঞ্চায়েত**






**সাবিত্রী হেমরম**
প্রধান, উদয়পুর গ্রাম পঞ্চায়েত

প্রশ্ন- পানীয় জলের সমস্যা কতটা মেটাতে পেরেছেন?

উত্তর - পানীয় জলের সমস্যা সারাবছর থাকে না। ফেব্রুয়ারি থেকে মার্চ মাসে জলের সমস্যা বেশি হয় বলে মার্ক-টু টিউবওয়েল বসানো, রিসিংকিং, পাইপলাইনের মাধ্যমে জল দেবার ব্যবস্থা করা হয়েছে। সোলার ওয়াটার সিস্টেম মাধ্যমেও জল পাচ্ছেন বহু মানুষ। তবে সব জায়গাতে সমস্যা দূর হয়নি।

প্রশ্ন- রাস্তার সমস্যা নিয়ে কি ভাবছেন?

উত্তর - কিছু রাস্তা তৈরি হয়েছে। কিছু পরিকল্পনা নেওয়া হয়েছে। আগের পঞ্চায়েত অধিকাংশ রাস্তার কাজ করেনি। পুরোনো কাজ করতে গিয়ে নতুন করে করতে সময় লাগছে।

প্রশ্ন- পঞ্চায়েত এলাকার সমস্ত নোংরা আবর্জনা কোথায় ফেলছেন?

উত্তর- ওয়েস্ট ম্যানেজমেন্ট সিস্টেম নিয়ে সুনির্দিষ্ট পদক্ষেপ নেওয়া হয়েছে। কাজ শুরু করেছি।

প্রশ্ন- কতগুলো পরিবারের আবাসের তালিকায় নাম নেই।

উত্তর- অজস্র। বিশেষ করে আদিবাসী গরিব মানুষের নাম নেই।

প্রশ্ন- বাল্যবিবাহ প্রতিরোধ করতে কী উদ্যোগ নিয়েছেন

উত্তর- বাল্যবিবাহের জন্য পঞ্চায়েত সদস্যদের নিয়ে একটি কমিটি গঠন করা হয়েছে। বাল্যবিবাহের সঙ্গে জড়িত ব্যক্তিদের বিরুদ্ধে আইনি পদক্ষেপ নেওয়ার সুপারিশ করা হবে।

প্রশ্ন- কৃষির উন্নয়নে কী পদক্ষেপ নেওয়া হয়েছে?

উত্তর- পঞ্চায়েত কৃষি দপ্তরের সঙ্গে যোগাযোগ সুদৃঢ় করবার জন্য বিশেষ কিছু পরিকল্পনা গ্রহণ করেছে।

প্রশ্ন- নদী খননে পঞ্চায়েতের ভূমিকা কী?

উত্তর- নদীমাতৃক পঞ্চায়েত উদয়পুর , কিন্তু টাঙন নদী বা তুলাই নদী পঞ্চায়েতের খোঁড়ার কোনও সামর্থ্য নেই। বিষয়টি ব্লক প্রশাসনের নজরে আনা হয়েছে।

**একনজরে**

ব্লক – কুশমণ্ডি
পঞ্চায়েতের নাম – উদয়পুর
মোট গ্রাম সংসদ - ২৩ টি
মোট পঞ্চায়েত সদস্য ২৪ জন
তৃণমূল – ১১
বিজেপি – ৮
সিপিএম - ৩
আরএসপি – ১
নির্দল – ১

## টোটো উলটে জখম মহিলা

**বুনিয়াদপুর, ২৪ মার্চ :** সোমবার সকাল সাড়ে ১১ টা নাগাদ বুনিয়াদপুরের ট্রাফিক মোড়ে টোটো উলটে আহত হয়েছেন এক মহিলা। আহত মহিলার নাম রীনা খাতুন। বংশীহারীর সিহলহাট এলাকায় তাঁর বাড়ি। সোমবার তিনি তাঁর স্বামী টোটোচালক ফৈজুর রহমানের টোটোতে চেপে বুনিয়াদপুর শহরে চিকিৎসকের কাছে যাচ্ছিলেন। ট্রাফিক মোড় থেকে বাসস্ট্যান্ডের দিকে যাওয়ার সময় বাঁক নিতে গেলে টোটো উলটে যায়। রীনাদেবী টোটোর নীচে চাপা পড়ে জখম হন। ঘটনা নজরে আসতেই সিভিক ভলান্টিয়াররা তাঁকে উদ্ধার করে হাসপাতালে পাঠানোর ব্যবস্থা করেন।

## রামনবমী সফল করতে প্রচার

**গঙ্গারামপুর, ২৪ মার্চ :** রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী রামনবমীর শোভাযাত্রাতে রেকর্ড সংখ্যক হিন্দুদের অংশগ্রহণ করবার আহ্বান জানিয়েছেন। সেই শোভাযাত্রাকে সাফল্যমণ্ডিত করতে গঙ্গারামপুরে প্রচার শুরু করল স্থানীয় বিজেপি নেতৃত্ব। সোমবার দুপুরে শহরের টোটোগুলিতে রামনবমীর পোস্টার লাগানো হয়। মূলত রামনবমী উদযাপন সমিতিকে সাহায্য করতে এদিন বিজেপি নেতৃত্বরা প্রচার অভিযানে অংশগ্রহণ করেন। এবিষয়ে বিজেপির জেলা সাধারণ সম্পাদক অশোক বর্ধন জানান, 'এবছর রামনবমীকে কেন্দ্র করে রেকর্ড সংখ্যক মানুষ যাতে অংশগ্রহণ করেন, তার জন্য প্রচার অভিযান চালানো হচ্ছে। এবছর অন্যান্য বছরের সমস্ত রেকর্ড ভেঙে যাবে বলে আশা করছি।'

## সোমানীর প্রয়াণ দিবস পালন

**রায়গঞ্জ, ২৪ মার্চ :** পশ্চিম দিনাজপুর চেম্বার অফ কমার্সের প্রতিষ্ঠাতা জয়নারায়ণ সোমানীর ১৩ তম প্রয়াণ বার্ষিকী উপলক্ষ্যে স্মরণসভার আয়োজন করা হল রবিবার। সংগঠনের সভাকক্ষে এই স্মরণসভার আয়োজন করা হয়। জেলার বিভিন্ন প্রান্ত থেকে ব্যবসায়ীরা ও বিশিষ্টজনেরা এই সভায় উপস্থিত হয়েছিলেন। সংগঠনের সাধারণ সম্পাদক শংকর কুণ্ডু বলেন, 'আমাদের একসঙ্গে কাজ করতে হবে,তবে সফলতা আসবে। জয়নারায়ণ সোমানী কেবল চেম্বারের প্রতিষ্ঠাতা নন,তিনি ছিলেন ব্যবসায়ীদের স্বার্থরক্ষার এক অগ্রগামী সৈনিক।'

## সিসি রোডের শিলান্যাস

**চাঁচল, ২৪ মার্চ :** রবিবার চাঁচলের কলিগ্রামে সিসি রোডের শিলান্যাস করলেন উত্তর মালদার সাংসদ খগেন মুর্মু। সাংসদ তহবিলের ১০ লক্ষ টাকা অর্থব্যয়ে বগচড়া অরবিন্দ মোড় থেকে চৌরঙ্গি পর্যন্ত রোডটি হবে। এদিন বগচড়া অরবিন্দ মোড়ের কাছে হয় এই শিলান্যাস অনুষ্ঠান। সাংসদ খগেন মুর্মু বলেন, 'কলিগ্রামের জন্য এই রাস্তা দরকার ছিল। এলাকার মানুষ আমাকে রাস্তাটি করার জন্য দাবি জানিয়েছিল। দাবি পূরণ করতে পেরে ভালো লাগছে।'

## সভাপতিকে সংবর্ধনা

**পুরাতন মালদা, ২৪ মার্চ :** পুরাতন মালদা শহরের কোর্ট স্টেশন এলাকায় রবিবার উত্তর মালদা জেলার নবনির্বাচিত সভাপতি প্রতাপ সিংকে সংবর্ধনা দেওয়া হল। এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিজেপির প্রাক্তন উত্তর মালদা জেলার সভাপতি উজ্জ্বল দত্ত, মালদা কেন্দ্রের বিধায়ক গোপালচন্দ্র সাহা ও হবিবপুরের বিধায়ক জোয়েল মুর্মু সহ প্রমুখ।



**পাঠকের লেন্সে** 8597258697 picforubs@gmail.com

বেলাশেষে।। হলদিবাড়ির আঙ্গুলদেখায় ছবিটি তুলেছেন পূর্ণেন্দু রায়।

# স্কুলছুট ঠেকাতে উদ্যোগী অবর বিদ্যালয় পরিদর্শক

**গাজোল, ২৪ মার্চ :** সরকারি বিদ্যালয়গুলিতে ছাত্রছাত্রীদের উপস্থিতির হার বাড়াতে এবং বিদ্যালয়গুলিতে যাতে সঠিকভাবে পঠনপাঠন হয় তার জন্য লাগাতারভাবে বিভিন্ন স্কুল পরিদর্শন করছেন গাজোল চক্রের অবর বিদ্যালয় পরিদর্শক প্রশান্তকুমার রায়। চলতি সপ্তাহে গত তিনদিনে ছয়টি প্রাথমিক ও একটি উচ্চমাধ্যমিক বিদ্যালয় পরিদর্শন করেন তিনি।

প্রশান্তবাবু জানান, 'পরিদর্শনে গিয়ে আমি মূলত দেখেছি ছাত্রছাত্রীরা ঠিকমতো পঠনপাঠন করছে কিনা। শিক্ষক শিক্ষিকারা কীভাবে পাঠদান করছেন। এই বিষয় যেমন দেখা হচ্ছে, তেমনি ছাত্রছাত্রীদের ঠিকমতো মিড-ডে মিল পরিবেশন করা হচ্ছে কি না, সেই বিষয়টিও খতিয়ে দেখা হচ্ছে।'

বিভিন্ন বিদ্যালয় পরিদর্শন করে প্রশান্তবাবুর উপলব্ধি, 'প্রাথমিক বিদ্যালয়গুলিতে ছাত্রছাত্রীদের উপস্থিতির হার খুবই কম। এই জায়গায় দাঁড়িয়ে প্রাথমিক বিদ্যালয়গুলিতে কীভাবে ছাত্রছাত্রীদের সংখ্যা বৃদ্ধি করা যায়, সে বিষয় নিয়ে খুব তাড়তাড়ি শিক্ষক শিক্ষিকাদের সঙ্গে আমি আলোচনায় বসব।'

> **প্রাথমিক বিদ্যালয়গুলিতে ছাত্রছাত্রীদের উপস্থিতির হার খুবই কম। এই জায়গায় দাঁড়িয়ে প্রাথমিক বিদ্যালয়গুলিতে কীভাবে ছাত্রছাত্রীদের সংখ্যা বৃদ্ধি করা যায়, সে বিষয় নিয়ে খুব তাড়াতাড়ি শিক্ষক-শিক্ষিকাদের সঙ্গে আমি আলোচনায় বসব।**
>
> প্রশান্তকুমার রায়
> অবর বিদ্যালয় পরিদর্শক

পাশাপাশি বিভিন্ন গ্রামে গিয়ে কথা বলব অভিভাবকদের সঙ্গেও। দলিলপুর প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষককে বিদ্যালয়ের প্রাঙ্গণ পরিষ্কার পরিচ্ছন্ন করার পাশাপাশি ছাত্রছাত্রীদের যাতে স্বাস্থ্যসম্মতভাবে মিড- ডে মিল পরিবেশন করা হয়, রাঁধুনিরা যাতে স্বাস্থ্যবিধি মেনে রান্না করেন সে বিষয়ে পরামর্শ দেওয়া হয়েছে।

তিনি আরও বলেন, 'গাজোল গার্লস প্রাথমিক বিদ্যালয়ের ভারপ্রাপ্ত শিক্ষককে বলা হয়, ছাত্রীদের যাতে ডাইনিং রুমে বসিয়ে মিড-ডে মিল পরিবেশন করা হয়। সেই বিষয়ে উদ্যোগ নিতে। এছাড়াও গাজোল হাই অ্যাটাচড জুনিয়ার বেসিক স্কুলের প্রধান শিক্ষিকাকে বলা হয় ডিএলএড ট্রেনিংরা যাতে ঠিকঠাক পাঠদান করেন, সে বিষয়ে সচেতন থাকতে। এছাড়াও প্রতিদিনের হাজিরার বিষয়ে প্রয়োজনীয় নির্দেশ দেওয়া হয়। গ্রাম বাংলার সাধারণ পরিবারের অনেক শিশুরা সরকারি বিদ্যালয়ে আসছে না। অভিভাবকেরা যাতে এই সমস্ত শিশুদের সরকারি বিদ্যালয়ে পড়তে পাঠান, তার জন্য তাদের সচেতন করার কাজ চলছে। পাশাপাশি বিদ্যালয়গুলিতে যাতে পড়াশোনার মান আরও ভালো হয়, তার দিকে নজর দেওয়া হচ্ছে।'

## রাজবংশী বোর্ডের কাজে অসন্তোষ খোদ সংস্থার সদস্যের

**রায়গঞ্জ, ২৪ মার্চ :** রাজবংশী ভাষা অ্যাকাডেমির চেয়ারম্যানের পদ থেকে বংশীবদন বর্মনকে সরিয়ে দিতেই বিদ্রোহী হয়ে উঠলেন গ্রেটার কোচবিহার কেন্দ্রীয় কমিটির সদস্য মোহনলাল সিংহ। বংশীবদনের অনুগামী হিসেবে পরিচিত মোহনলাল উত্তর দিনাজপুরের করণদিঘি ব্লকের টুঙ্গিদিঘির বাসিন্দা। তিনি রাজবংশী ডেভেলপমেন্ট বোর্ডের সদস্যও বটে।

বৃহস্পতিবার 'উত্তরবঙ্গ সংবাদ'কে মোহনলাল বলেন, 'রাজবংশী ডেভেলপমেন্ট বোর্ড শুধু কোচবিহার, আলিপুরদুয়ার, জলপাইগুড়ি ও দার্জিলিং জেলার মানুষের কথাই চিন্তা করে। গৌড়বঙ্গের তিন জেলায় যে রাজবংশী ও কামতাপুরি সম্প্রদায়ের মানুষরা আছেন, তাঁদের কথা বোর্ড ভাবে না। ফলে মালদা ও দুই দিনাজপুর জেলায় রাজবংশীরা পিছিয়েই আছেন। কোনও উন্নয়ন হয়নি এই তিন জেলায়।'

পিছিয়ে পড়া এই তিন জেলার রাজবংশী ও কামতাপুরিদের উন্নয়নের জন্য পৃথক 'বাণগড় ডেভেলপমেন্ট বোর্ড' গঠনের দাবি তুলেছেন মোহনলাল সিংহ। তিনি বলেন,'রাজবংশীদের পাশাপাশি কামতাপুরিরাও নিরাশ। কামতাপুরি ভাষা অ্যাকাডেমি ও কামতাপুরি ডেভেলপমেন্ট বোর্ডে গৌড়বঙ্গের তিন জেলা থেকে কোনও প্রতিনিধি নেই। ফলে এই তিন জেলার কামতাপুরি মানুষের সমস্যা নিয়ে কোনও আলোচনা হয় না বোর্ডে।'

কিন্তু হঠাৎ কেন এমন বিদ্রোহী হয়ে বোর্ডের সমালোচনায় মুখর হয়ে উঠলেন মোহনলাল সিংহ? রাজবংশী ভাষা অ্যাকাডেমির চেয়ারম্যানের পদ থেকে বংশীবদন বর্মনকে সরিয়ে দেওয়াই কি তাঁর অসন্তোষের কারণ? মোহনলালের অবশ্য দাবি, বংশীবদনকে সরানো হয়নি। এক ব্যক্তি এক পদ নীতি মেনে ভাষা অ্যাকাডেমির চেয়ারম্যানের পদটি তিনি স্বেচ্ছায় ছেড়ে দিয়েছেন।



মাছের খোঁজে। বালুরঘাটের কাটনা গ্রামে। অভিজিৎ সরকার

# আলু মজুতে অশান্তি এড়াতে বাড়তি পুলিশ

**রায়গঞ্জ, ২৪ মার্চ :** হিমঘরে আলু রাখা নিয়ে অশান্তি এড়াতে ব্যবস্থা করা হচ্ছে বাড়তি পুলিশি নিরাপত্তার। সম্প্রতি জেলা শাসক সুরেন্দ্রকুমার মিনার নেতৃত্বে একটি বৈঠক শেষে এই তথ্য উঠে এসেছে। জেলা শাসক জানিয়েছেন, 'এবার প্রান্তিক ও ক্ষুদ্র চাষিদের সুযোগ দিতে জেলার হিমঘরগুলিকে বলা হয়েছে ৩০ শতাংশ জায়গা সংরক্ষণের ব্যবস্থা করতে। সঙ্গে ব্লক স্তর থেকে দ্রুত আলুচাষিদের জন্য নির্দিষ্ট বন্ডের ব্যবস্থা করা হয়েছে।' ওই বৈঠকে কৃষি, কৃষি বিপণন, জেলার দুই মহকুমা শাসক, ব্লক প্রশাসন, হিমঘর কর্তৃপক্ষ উপস্থিত ছিলেন।

কৃষি দপ্তরের পরিসংখ্যান বলছে, এবার জেলার প্রায় ২৮ হাজার ৯০০ হেক্টর জমিতে আলু চাষ হয়েছে। মূলত পোখরাজ, জ্যোতি ও এস ওয়ান প্রজাতির আলু চাষ হয় এই জেলায়। যা ইতিমধ্যে খেত থেকে তুলে তা সংরক্ষণ করা হয়েছে। জেলার মধ্যে ইসলামপুর ব্লকে সব থেকে বেশি আলু চাষ হয়। ওই ব্লকেই ৬ হাজার ৭৬৫ হেক্টর জমিতে আলু চাষ হয়। জেলার কৃষি বিপণন দপ্তরের আধিকারিক অনিলকুমার শর্মা তথ্য দিয়ে জানান, 'পয়লা মার্চ থেকে খুলে গিয়েছে জেলার দশটি কোল্ড স্টোরেজ। যেগুলির বেশিরভাগই ইসলামপুর মহকুমায়। একটিমাত্র কোল্ড স্টোরেজ রায়গঞ্জ মহকুমায়। আলু রাখার ক্ষেত্রে চাষিরা তাদের সুবিধামতো কাছের কোল্ড স্টোরেজে আলু রাখার সুযোগ পেয়েছেন। একজন চাষি কমপক্ষে ৩৫ কুইন্টাল আলু মজুত রাখতে পারবেন।' কৃষি দপ্তর সূত্রে খবর, গতবার ৭ লক্ষ ১৫ হাজার ৯০০ মেট্রিক টন আলু উৎপাদন হয় জেলায়। এবারও আরও বেশি পরিমাণ আলু উৎপাদন হয়েছে এমনটাই দাবি কৃষি আধিকারিক সহ জেলা প্রশাসনের।

## জল দিবস পালিত

**গঙ্গারামপুর, ২৪ মার্চ :** শনিবার গঙ্গারামপুরের মালিপাড়া টিইউ হাইস্কুলে বিশ্ব জল দিবস পালন হল। সেমিনার ও বসে আঁক প্রতিযোগিতার মধ্য দিয়ে দিনটি পালিত হল। বিদ্যালয়ের প্রধান শিক্ষক তুষারকান্তি ঘোষ বলেন, 'ভূগর্ভস্থ জল দিন দিন কমে যাচ্ছে। ছাত্রছাত্রীরা যাতে জলের অপচয় বন্ধ করা নিয়ে সজাগ থাকে তাই এই কর্মসূচি।'

## পার্টি অফিস উদ্বোধন

**গঙ্গারামপুর, ২৪ মার্চ :** ২০২৬ সালের বিধানসভা নির্বাচনকে সামনে রেখে দলীয় কর্মীদের উদ্বুদ্ধ করতে রবিবার গঙ্গারামপুরের ঠ্যাঙ্গাপাড়াতে পার্টি অফিসের উদ্বোধন করল সিপিআইএম নেতৃত্ব। পার্টি অফিসটি কমঃ ভবেশ বিশ্বাসের নামে উৎসর্গ করা হয়েছে। উদ্বোধন করেন সংগঠনের দক্ষিণ দিনাজপুর জেলা সম্পাদক নন্দলাল হাজরা।

## গ্রামবাসীর সঙ্গে বিএসএফের বৈঠক

**বামনগোলা, ২৪ মার্চ :** ভারত-বাংলাদেশ সীমান্ত সংলগ্ন গ্রাম শোনঘাট এলাকায় গ্রামবাসীর সঙ্গে বৈঠক করলেন বিএসএফের আধিকারিকরা। উপস্থিত ছিলেন ৮৮ নম্বর ব্যাটালিয়নের শোনঘাট বিএসএফ ক্যাম্পের বিভিন্ন আধিকারিক সহ এলাকার মানুষ। ৮৮নম্বর ব্যাটালিয়ন বিএসএফের তরফে এদিন সীমান্তবর্তী শোনঘাট এলাকায় সাধারণ মানুষের সঙ্গে বৈঠকে সীমান্তের কাঁটাতারের ওপারে থাকা জমি সহ বিভিন্ন সমস্যা নিয়ে আলোচনা হয়। শুনতে চান গ্রামবাসীর কথাও।

ওয়াকিবহাল মহলের মতে, গত অগাস্টে হাসিনা সরকারের পতনের পর থেকেই প্রতিবেশী রাষ্ট্র বাংলাদেশে অস্থির পরিস্থিতি তৈরি হয়। তার আঁচ এদেশে যাতে না পরে, সেকারণে সীমান্তে কড়া প্রহরা সহ নজরদারি বাড়িয়েছে বিএসএফ। শুধু তাই নয়, বিভিন্ন কর্মসূচির মাধ্যমে জনসংযোগ বাড়াতে উদ্যোগ নিতে দেখা গিয়েছে বিএসএফ জওয়ানদের। এর আগেও বিএসএফ এই এলাকায় বিনামূল্যে মেডিকেল ক্যাম্প করে স্বাস্থ্য পরীক্ষা সহ বিনামূল্যে ওষুধ এবং বিভিন্ন ক্রীড়া সামগ্রী বিতরণ করেছে। আবারও এদিন এলাকাবাসীকে বিভিন্ন বিষয়ে সচেতন থাকার উদ্দেশ্য নিয়ে বৈঠকে আলোচনা করেন বিএসএফ আধিকারিকরা।

এলাকার বাসিন্দাদের অনেকেই জানান, ভারত-বাংলাদেশ সীমান্তবর্তী এলাকায় জীবনের ঝুঁকি নিয়ে দিনরাত এক করে যেভাবে বিএসএফ পাহারা দিচ্ছেন, তার উপর বিভিন্ন বিষয়ে সতর্কতামূলক সচেতনতা নিয়ে এলাকার মানুষের সঙ্গে কথা বলছেন তা যথেষ্ট প্রশংসনীয়।

## গঙ্গা স্বচ্ছ রাখতে কর্মসূচি

**মোথাবাড়ি, ২৪ মার্চ :** নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে সোমবার পঞ্চানন্দপুরের নয়াবাজার হাইস্কুল প্রাঙ্গণে 'গঙ্গা নদী স্বচ্ছতা কর্মসূচি-২০২৫' অনুষ্ঠিত হল। মালদা জেলা গঙ্গা কমিটির উদ্যোগে ও কালিয়াচক দুই ব্লক প্রশাসনের সহযোগিতায় এদিনের অনুষ্ঠানের উদ্দেশ্য গঙ্গা নদীর স্বচ্ছতা ফিরিয়ে আনা।

অনুষ্ঠানের অঙ্গ হিসেবে নয়াবাজার হাইস্কুলের ছাত্রছাত্রী, শিক্ষক ও শিক্ষাকর্মীরা বিদ্যালয় এবং সংলগ্ন এলাকায় সাফাই অভিযান করেন। ছাত্রছাত্রীরা সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশনের পাশাপাশি শপথ নেয়, 'গঙ্গা পরিষ্কার আমাদের অঙ্গীকার'। উপস্থিত ছিলেন কালিয়াচক – ২ নম্বর ব্লকের বিডিও বিপ্রতিম বসাক, পঞ্চায়েত সমিতির সভাপতি অঞ্জলি মণ্ডল, জেলা প্রকল্প আধিকারিক সুব্রত দাস, নয়াবাজার হাইস্কুলের প্রধান শিক্ষিকা আফসানা পারভিন প্রমুখ।

## প্রতিবাদ মিছিল

**রায়গঞ্জ, ২৪ মার্চ :** প্যালেস্টাইনে শিশু ও নারীদের উপর অত্যাচার এবং হত্যার প্রতিবাদে রায়গঞ্জে পথে নামল এসইউসিআইয়ের শাখা সংগঠন কমসোমল। সোমবার সংগঠনের তরফে শহরে মিছিল ও পথসভা অনুষ্ঠিত হয়।

## বস্ত্র বিতরণ

**করণদিঘি, ২৪ মার্চ :** ইদ উপলক্ষ্যে করণদিঘির বিধায়ক গৌতম পাল রোজাদার মানুষদের মধ্যে বস্ত্রদান করেন। শনিবার থেকে সোমবার পর্যন্ত এই কর্মসূচি হয়।

## হস্টেলের শতবর্ষ

**রায়গঞ্জ, ২৪ মার্চ :** মনীষী পঞ্চানন বর্মা প্রতিষ্ঠিত রায়গঞ্জ ক্ষত্রিয় হস্টেলের শতবর্ষ অনুষ্ঠানের শেষপর্ব উদযাপিত হল রবিবার। ২০২৩ সাল থেকে শুরু হয়েছিল শতবর্ষ অনুষ্ঠান। উপস্থিত ছিলেন প্রাক্তন বিধায়ক সুখবিলাস বর্মা, প্রাক্তন জেলা শিল্প আধিকারিক সুনীল সরকার সহ প্রমুখ। নবীনবরণ, দুঃস্থ ছাত্রছাত্রীদের মানপত্র ও আর্থিক অনুদান প্রদান করা হয় এদিন। এছাড়াও সমাজের বিশিষ্ট ব্যক্তিদের স্মারকপত্র দিয়ে সম্মান জানানো হয়।

## বালুরঘাটে টোটো উদ্ধার

**বালুরঘাট, ২৪ মার্চ :** সোমবার চুরি হয়ে যাওয়া টোটো উদ্ধার করল বালুরঘাট থানার পুলিশ। চোর সন্দেহে এক তরুণকেও গ্রেপ্তার করা হয়েছে। অভিযুক্ত তরুণ বোল্লা গ্রাম পঞ্চায়েতের জগন্নাথবাটির বাসিন্দা। বালুরঘাট ব্লকের রাজুয়া এলাকা থেকে ২২ মার্চ টোটোটি চুরি হয়। টোটোর মালিক ললিতা দাস ওই দিন বালুরঘাট থানায় লিখিত অভিযোগ করেছিলেন।

## নতুন সদস্য

**কুমারগঞ্জ, ২৪ মার্চ :** দক্ষিণ দিনাজপুর জেলার আরটিও বোর্ডের সদস্য হিসেবে মনোনীত হলেন প্রাক্তন পূর্ত কর্মাধ্যক্ষ মফিজুদ্দিন মিয়াঁ। তাঁর এই দায়িত্ব পাওয়ায় এলাকাবাসী আনন্দিত।

# পাকা রাস্তার মাঝখানে ড্রেন, চলাচলে দুর্ভোগ

**বিশ্বজিৎ প্রামাণিক**

**কুমারগঞ্জ, ২৪ মার্চ :** ডাঙ্গারহাট থেকে মোল্লাদিঘি পর্যন্ত সংযোগকারী গুরুত্বপূর্ণ রাস্তাটি বর্তমানে পথচারীদের দুর্ভোগের কারণ হয়ে দাঁড়িয়েছে। বিশেষ করে এক বেসরকারি বিদ্যালয়ের সামনে রাস্তার মাঝখানে ড্রেন নির্মাণের ফলে যাতায়াতে মারাত্মক সমস্যা সৃষ্টি হয়েছে। কে বা কারা এই ড্রেন তৈরি করেছে, সে বিষয়ে কেউ নিশ্চিত নন।

স্থানীয়দের অভিযোগ, দীর্ঘদিন এই ছয় কিলোমিটার রাস্তা অত্যন্ত খারাপ অবস্থায় ছিল। দেড় বছর আগে এটি সংস্কার করা হলেও মাত্র ছয় মাসের মধ্যেই রাস্তার পিচ উঠে যেতে থাকে। তার ওপর রাস্তার মধ্যেই ড্রেন তৈরি হওয়ায় সমস্যা আরও বেড়েছে।

স্থানীয়রা জানান, ড্রেনের একধারে জমে থাকা জল রাস্তার ওপরে পড়ছে। ফলে সবসময় রাস্তা পিচ্ছিল থাকে। কেউ কেউ বলছেন, এটি নেহাতই জলের পাইপ ফেটে যাওয়ার কারণে হয়েছে। তবে সমস্যার সমাধান না হওয়ায় যাত্রী ও পথচারীরা প্রতিনিয়ত সমস্যার সম্মুখীন হচ্ছেন। সাইকেল, মোটর সাইকেল, টোটো, অটো এমনকি বাসচালকরাও এই জলবদ্ধ রাস্তায়



খানাখন্দে ভরা রাস্তা। সোমবার কুমারগঞ্জে। - সংবাদচিত্র

চলাচল করতে হিমসিম খাচ্ছেন। বিশেষভাবে সক্ষম ব্যক্তিরা আরও বেশি বিপাকে পড়েছেন। হুইলচেয়ার নিয়ে রাস্তা পার হওয়া তাঁদের জন্য একপ্রকার অসম্ভব হয়ে দাঁড়িয়েছে। বর্ষার সময় পরিস্থিতি আরও ভয়াবহ আকার ধারণ করে, যখন জমে থাকা জল ও কাদার কারণে যানবাহন আটকে পড়ে।

এলাকাবাসী দীর্ঘদিন ধরে এই সমস্যা সমাধানের দাবি জানিয়ে আসছেন। স্থানীয় পঞ্চায়েত সদস্য মোজ্জাফর রহমান সরকার বলেন, বিষয়টি খতিয়ে দেখার আশ্বাস দিয়েছেন এবং দ্রুত সমাধানের জন্য জনস্বাস্থ্য কারিগরি দপ্তরের দৃষ্টি আকর্ষণ করবেন বলে জানিয়েছেন। তবে সাধারণ মানুষ চান দ্রুত ব্যবস্থা নেওয়া হোক , তাহলে এলাকাবাসীর চলাচলের দুর্ভোগ কমবে। এখন দেখার বিষয়, প্রশাসন কত দ্রুত এই সমস্যার সমাধানে কার্যকর পদক্ষেপ গ্রহণ করে।



### ছোট্ট তারা

বুনিয়াদপুরের সৌমিক দেব (৭)। কচিমন শিশুশিক্ষা নিকেতনে দ্বিতীয় শ্রেণির ছাত্র। আয়ুষমেলায় ছবি আঁকা প্রতিযোগিতায় প্রথম হয়েছে।



স্মাইল প্লিজ। ক্যামেরা হাতে খুদে। সোমবার রায়গঞ্জে ছবিটি তুলেছেন বাসুদেব চক্রবর্তী।

### বরাদ্দ অর্থ না মেলায় নির্মাণ থমকে

# অর্ধনির্মিত হস্টেল ভবনে নেশার ঠেক

দীপঙ্কর মিত্র

**রায়গঞ্জ, ২৪ মার্চ :** দীর্ঘ ১৫ বছর ধরে অর্ধসমাপ্ত অবস্থায় পড়ে রয়েছে রায়গঞ্জ সুরেন্দ্রনাথ কলেজের গার্লস হস্টেল। আর সেই সুযোগেই ওই অর্ধসমাপ্ত ভবন হয়ে উঠেছে অসামাজিক কার্যকলাপের আখড়া। ঘরের জানলা, দরজা থেকে শুরু করে ছাদের বের হয়ে থাকা লোহার রড এমনকি বিল্ডিংয়ে গাঁথা ইটও খুলে নিয়েছে দুষ্কৃতীরা। বাসিন্দারা কলেজ কর্তৃপক্ষ ও প্রশাসনকে বারবার জানালেও সমস্যার কোনও সমাধান হচ্ছে না।

সুরেন্দ্রনাথ কলেজের গার্লস হস্টেল রায়গঞ্জ শহরের সুদর্শনপুর এলাকায়। কবে হস্টেল চালু হবে জানেন না কলেজের অধ্যক্ষ থেকে শুরু করে ছাত্রছাত্রীরা। বরাদ্দ না মেলায় বছরের পর বছর ধরে অর্ধসমাপ্ত অবস্থায় পড়ে রয়েছে হস্টেলটি। স্বাভাবিকভাবেই সমস্যায় পড়ছে ডালখোলা, রসাখোয়া, করণদিঘি সহ বিস্তির্ণ এলাকার ছাত্রীরা। জানা গিয়েছে, ২০০৯ সালের অগাস্ট মাসে ইউজিসি কলেজ কর্তৃপক্ষকে গার্লস হস্টেলের জন্য ৮০ লক্ষ টাকা বরাদ্দ করে। প্রথম পর্যায়ে ৪০ লক্ষ টাকা দেওয়া হয়। ২০১০ সালের মার্চ মাসে ৮ কাঠা জমির ওপর ছাত্রী আবাস তৈরির কাজ শুরু হয়। তারপর দ্বিতীয় পর্যায়ের টাকা না মেলায় মাঝপথে থেমে যায় হস্টেলের কাজ। এদিকে, এই অর্ধসমাপ্ত হস্টেলে বসছে নেশার আসর। বাসিন্দাদের অভিযোগ, সন্ধ্যার পর তো বটেই এমনকি দিনেরবেলায় বসে নেশার আসর।



অসমাপ্ত গার্লস হস্টেল। রায়গঞ্জে। - সংবাদচিত্র

> হস্টেলটি আমাদের খুবই প্রয়োজন। কারণ, আমাদের কলেজের ছাত্রীরা বহু দূর থেকে আসে। মেসবাড়ি ভাড়া করে তাঁদের পক্ষে থাকা সম্ভব হয় না। হস্টেলের সীমানা প্রাচীর ও বিল্ডিংয়ের জন্য অর্থের খুবই প্রয়োজন।
>
> **ডঃ চন্দনকুমার রায়**, অধ্যক্ষ

ওয়ার্ড কোঅর্ডিনেটর শিল্পী দাসের কথায়, 'হস্টেল নিয়ে এলাকার মানুষের অভিযোগের শেষ নেই।'

পুরসভার ১ নম্বর ওয়ার্ডের কোঅর্ডিনেটর নয়ন দাস বলেন, '২০১১ সালের বহু আগে থেকে হস্টেলটি দেখে আসছি। একাধিকবার জানিয়েও কোনও লাভ হচ্ছে না। সবরকম অসামাজিক কাজকর্ম ওখানে হয়। কেউ যদি খুন হয়ে যায় তাহলে দুইদিন কেউ জানতেই পারবে না।'

রসাখোয়ার ছাত্রী নাসরিন পারভিন জানায়, 'মেসবাড়ি ভাড়া করে থাকা সম্ভব নয়। তাই কলেজে নিয়মিত আসতে পারিনা।' একই বক্তব্য করণদিঘির ছাত্রী মিতা রায়েরও।

অন্যদিকে, অধ্যক্ষ ডঃ চন্দনকুমার রায় বলেন, 'হস্টেলটি আমাদের খুবই প্রয়োজন। কারণ আমাদের কলেজের ছাত্রীরা বহু দূর থেকে আসে। মেসবাড়ি ভাড়া করে তাঁদের পক্ষে থাকা সম্ভব হয় না। হস্টেলের সীমানা প্রাচীর ও বিল্ডিংয়ের জন্য অর্থের খুবই প্রয়োজন। এবিষয়ে ইউজিসি ও জেলা প্রশাসনকে জানিয়েছি।'

## নালা ও খাল দখল করে অবৈধ নির্মাণ

**ডালখোলা, ২৪ মার্চ :** জবরদখলকারীদের দাপটে অবরুদ্ধ ১৪ নম্বর ওয়ার্ডের খাল। ফি বছর বন্যা ও বৃষ্টির জলে ভোগান্তি চরমে পৌঁছায় এই ওয়ার্ডের বাসিন্দাদের। স্থানীয়দের অভিযোগ, ডালখোলা পুরসভা ২২ বছরে পদার্পণ করলেও বিগত পুর বোর্ডের উদাসীনতায় পুর এলাকার নালা ও খাল দখল করে গড়ে উঠেছিল একাধিক দোকান সহ বাড়িঘর। নতুন পুর বোর্ডের সময়কালে জবরদখল পুনরুদ্ধারের উদ্যোগ দেখা গেলেও খাল দখল করে বাড়ি ও দোকান নির্মাণ বন্ধ করার কোনও উদ্যোগ নেয়নি পুরসভা।

১৪ নম্বর ওয়ার্ডে বাসিন্দা জাব্বির আলির কথায়, '২৭ নম্বর জাতীয় সড়কের ধারে নালা দখল করে গড়ে উঠেছে দোকান। ফলে বর্ষার সময় জলের তোরে ক্ষতি হতে পারে জাতীয় সড়কের। এমনকি জাতীয় সড়কের ধারে থাকা বেশ কয়েকটি গাছও উধাও হয়ে গিয়েছে নির্মাণের ফলে।'

বিগত পুর বোর্ডের সময়কালে জাতীয় সড়কের ধারের নালা দখল করে গড়ে তোলা হয় ইমারত। এই ইমারত নির্মাণের সময় পুরবোর্ড কেন



বাধা দেয়নি তা নিয়েও উঠছে প্রশ্ন। পাশাপাশি ১২ নম্বর ওয়ার্ডে নালার উপরে দ্বিতল ইমারত নির্মাণের প্ল্যান কীভাবে পাশ করাল পুরসভা তা নিয়েও প্রশ্ন তুলেছেন স্থানীয়রা। এখানেই শেষ নয়, এখনও নালা দখল করে ১৪ নম্বর ওয়ার্ডে পাকা দোকান তৈরি চলছে।

১৪ নম্বর ওয়ার্ডের কাউন্সিলার আলি রেজা খান বলেন, 'আবদুল মান্নান ও বিবি কুলসুম দুইজন পুরসভার নিষেধাজ্ঞা উপেক্ষা করেই নির্মাণ চালিয়ে যাচ্ছেন। পুরসভার পক্ষ থেকে একাধিকবার নোটিশ দেওয়ার পরেও নির্মাণ চলছে। বর্ষাকালে মহানন্দা নদীর জল উপচে এই নালা দিয়ে প্রবাহিত হয়। সেই নালা দখল করে নির্মাণ হচ্ছে দোকানঘর।'

ডালখোলা পুরসভার চেয়ারম্যান স্বদেশ সরকারের বক্তব্য, 'আবদুল মান্নান ও বিবি কুলসুমকে চারবার নোটিশ দেওয়ার পরেও নির্মাণ চালিয়ে যাচ্ছেন। যা পুরসভা কোনওমতেই মেনে নেবে না। এবিষয়ে মহকুমা শাসককে লিখিতভাবে জানানো হবে।'

## বালুরঘাট পুরসভার ৭৫ বর্ষ পূর্তির উৎসব

**বালুরঘাট, ২৪ মার্চ :** বাংলা সিনেমার কৌতুকশিল্পী বিশ্বনাথ বসুর হাস্যরসে লুটোপুটি বালুরঘাটের বাসিন্দারা। বালুরঘাট পুরসভার ৭৫ বছর পূর্তি উৎসব হয়ে গেল শহরে। সেখানেই রবিবার সন্ধ্যায় এসেছিলেন বিশ্বনাথ। শনিবার সন্ধ্যায় রাজ্যের ক্রেতা সুরক্ষা দপ্তরের মন্ত্রী বিপ্লব মিত্রের হাত ধরে সূচনা হয় এই বর্ণাঢ্য আয়োজনের। সঙ্গে ছিলেন পুরসভার চেয়ারম্যান অশোক মিত্র, ডিএসপি সদর বিক্রম প্রসাদ সহ শহরের বিশিষ্টজনেরা। প্রদীপ জ্বালিয়ে দুদিনের এই অনুষ্ঠানের সূচনা হয় বালুরঘাটে। পুরসভার উন্নয়নমূলক কাজের খতিয়ান তুলে ধরার পাশাপাশি ছিল কৃতি ব্যক্তিদের সংবর্ধনা, মনোমুগ্ধকর সাংস্কৃতিক সন্ধ্যা, আর আলোর ঝলকানিতে মোড়া এক অপূর্ব দৃশ্যপট।

শুধু পরিষেবার আখ্যান নয়,

### কৌতুকে আকর্ষণ

এই উৎসব ছিল বিনোদনেরও এক মহাসমারোহ। বহিরাগত ও স্থানীয় শিল্পীদের পরিবেশনায় মঞ্চ মাতিয়ে তুলল একের পর এক চমক। উৎসব ঘিরে শহরজুড়ে ছিল সাজোসাজো রব। দোকানপাট, রাস্তার মোড়, পুরসভা চত্বর সব জায়গায় লেগেছিল সাজসজ্জার ছোঁয়া। মানুষের ভিড়ে মুখরিত হয়েছিল বালুরঘাটের দুই রাত্রি। প্রথম দিন স্থানীয় সংগীত ও নৃত্য শিল্পীরা অনুষ্ঠানমঞ্চ মাতিয়ে তোলেন। দ্বিতীয় দিন বিশ্বনাথ যেখানে হাস্যরসাত্মক ভূমিকায় অনুষ্ঠানকে অন্য মাত্রায় নিয়ে যায়। বিভিন্ন সিনেমায় করা তাঁর চরিত্রের আখ্যান তুলে ধরে মানুষকে হাসিয়ে তোলেন এদিন। এমনকি তাঁর গলায় কিশোর কুমার সহ বিভিন্ন সংগীত শিল্পীর গানে মুখরিত হয় উৎসব প্রাঙ্গণ।

দুই নম্বর ওয়ার্ডের সুমন বর্মন জানান, 'গানের শিল্পীদের নিয়ে এসে অনেক অনুষ্ঠান চলে। কিন্তু এরকম কৌতুকরস সমৃদ্ধ ব্যক্তিদের নিয়ে অনুষ্ঠান দেখে সকলেই আনন্দ করেছি। বিশ্বনাথের জীবনে করা সিনেমার একাধিক ঘটনা তুলে ধরে আমাদের প্রচুর হাসিয়েছেন। এমনকি তাঁর গানের গলাও যথেষ্ট প্রশংসনীয়।'

পুরসভার চেয়ারম্যান অশোক মিত্র বলেন, 'উন্নয়ন শুধু প্রতিশ্রুতিতে নয়, কাজের মাধ্যমে প্রমাণ করতে চাইছি। এই উৎসব শুধু উদযাপন নয়, শহরবাসীর প্রতি আমাদের জবাবদিহির বার্তা। পুরসভার সমস্ত কাউন্সিলার ও কর্মীদের সহযোগিতায় অনুষ্ঠান সফল হয়েছে। শহরবাসীর স্বতঃস্ফূর্ত সাড়া মিলেছে।'

# মরক্কোর আতর ও সুরমায় জমজমাট ইদের বাজার

জসিমুদ্দিন আহম্মদ

**মালদা, ২৪ মার্চ :** চোখের পাতায় পাতলা করে সুরমার প্রলেপ আর আতর ভেজানো তুলো কানে গুঁজে ইদগাহ প্রাঙ্গণে ছুটে যাওয়া। ইদের সকালের এই চেনা পরিচিত দৃশ্যের আজও কোনও পরিবর্তন ঘটেনি। দামি ব্র্যান্ডেড পারফিউমের যুগে আতর আজও অমলিন। বিএস রোড থেকে শহরের চিত্তরঞ্জন মার্কেটের গলিতে প্রবেশ করলে এখনও আতরের গন্ধ ম-ম করে। রমজানের শেষ সপ্তাহে ইদের কেনাকাটার জোর হিড়িক। সমানে চলছে আতর ও সুরমার বাজার।

সুগন্ধী আতরের সবচেয়ে বড় গুন এটি সম্পূর্ণভাবে প্রাকৃতিক উপাদানে তৈরি। যার মধ্যে কোনও ধরনের রাসায়নিক বা অ্যালকোহল থাকে না। প্রাচীনকাল থেকেই আতরের ব্যবহারের প্রচলন রয়েছে। ভারতবর্ষে সুলতানি ও মুঘল আমলে আতর কারবারিদের সাম্রাজ্য ফুলেফেঁপে ওঠে। সম্রাট জাহাঙ্গিরের স্ত্রী নুরজাহানের মা ছিলেন পারস্যের রাজ পরিবারের সদস্যা। তিনিই প্রথম বসরায় গোলাপের নির্যাস থেকে আতর তৈরিতে উদ্যোগী হন।

আর এক সপ্তাহ বাদেই খুশির উৎসব ইদ। শেষ মুহূর্তের কেনাকাটায় বাজারে ভিড় উপচে পড়ছে। শুধু মালদা শহরের মানুষ নয়, গ্রামাঞ্চলের মানুষও ছুটে আসছেন মালদা শহরে। পোশাক-আশাকের পাশাপাশি আতর, সুরমা কেনার হিড়িক দেখা যাচ্ছে চিত্তরঞ্জন মার্কেটে। মালদার মানিকচকের দুই আতর ব্যবসায়ী প্রতি বছরের মতো এবারেও আতর, সুরমার পসরা বসিয়েছেন চিত্তরঞ্জন মার্কেটের ফুটপাথে। প্রৌঢ় চাঁদ মহম্মদ উচ্চস্বরে বলে চলেছেন বিভিন্ন আতরের নাম। নুরজাহান, গোলাপ খাস, গোলাপ আম, আলতাইবা, কাস্তুরি, ফিরদৌস, মুশকে আম্বার প্রজাতির আতর রয়েছে তাঁর কাছে। ৫০ থেকে ৬৫০ টাকা বিভিন্ন মূল্যের আতর রয়েছে তাঁর কাছে। ক্রেতাদের হাতে তুলোয় ভেজানো আতর ঘসে দিচ্ছেন। চাঁদ মহম্মদের কাছে কিনছেনও মানুষ।



তাঁর বক্তব্য, 'এই সব আতর মরক্কো, হায়দরাবাদ, সেকেন্দ্রাবাদের। কলকাতার বড় ব্যবসায়ীরা আমদানি করে থাকেন। তাঁদের কাছ থেকে আমরা পাইকারি দরে কিনে মালদা শহরে বিক্রি করি। ইদে যা বিক্রি হবে, বাকিটা ইদুজ্জোহায় শেষ হয়ে যাবে।'

মালদা শহরের বকুল আহম্মেদ নামে এক আতর ব্যবসায়ীর দাবি, 'ইদানীং আতরের প্যাকেজিং সিস্টেম ব্র্যান্ডেড পারফিউমকেও হার মানায়। এখন আর আগের মতো তুলোয় আতর ভিজিয়ে জামাকাপড়ে লাগানোর প্রয়োজন নেই, পারফিউমের মতো আতরের শিশির মাথায় বল থাকছে। এই বল ঘষলেই আতর বেরিয়ে আসে। আমার দোকানে সারাবছর আতরের বিক্রি হয়।'

# রায়গঞ্জ বিশ্ববিদ্যালয়ের অনুষ্ঠানে অনিশ্চয়তা

**রায়গঞ্জ, ২৪ মার্চ :** প্রতি বছর নিয়ম মেনে রায়গঞ্জ বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত হয় রাইভার্সি ফেস্ট। সেখানে সংগীত, বিতর্ক, অঙ্কন ও অনুনাটক প্রতিযোগিতার পাশাপাশি আবৃত্তি, নৃত্য, লোকব্যান্ড ও ফোটোগ্রাফি প্রতিযোগিতার আয়োজন করা হয়। প্রতিযোগিতামূলক প্রদর্শনীতে অংশ নেয় কলা, বাণিজ্য ও বিজ্ঞান বিভাগের ছাত্রছাত্রীরা। সাধারণত ডিসেম্বর বা জানুয়ারি মাসে সাংস্কৃতিক প্রতিযোগিতামূলক অনুষ্ঠান হলেও গত বছর মার্চ মাসের প্রথম সপ্তাহে হয়েছিল। কিন্তু এবছর মার্চ মাস শেষ হতে চললেও রাইভার্সি ফেস্ট কবে হবে, তা নিয়ে স্পষ্ট ধারণা নেই কারোর। এদিকে বিশ্ববিদ্যালয়ে শুরু হয়েছে স্নাতক ও স্নাতকোত্তর স্তরের পরীক্ষা। আগামী ২৪ এপ্রিল পর্যন্ত চলবে পরীক্ষা। তবে কী রাইভার্সি ফেস্ট এবছর হচ্ছে না বিশ্ববিদ্যালয়ে? যদিও স্টুডেন্ট ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশনের দাবি, পরীক্ষা শেষ হলে হতেই পারে।

স্নাতক বিভাগের ছাত্রী মমতা রায় বলেন, 'গত বছর বলিউড খ্যাত শিল্পী রাঘব চৈতন্য এবং নিকিতা গান্ধি সাংস্কৃতিক অনুষ্ঠানে এসেছিলেন। এবছর ভেবেছিলাম নতুন কেউ বলিউড থেকে আসবেন। মার্চ মাস শেষ হতে চললেও এবার কবে অনুষ্ঠান হবে কেউই বলতে পারছেন না।'

কলা বিভাগের দ্বিতীয় সিমেস্টারের ছাত্র কৌশিক দত্ত বলেন, 'প্রতি বছর বিশ্ববিদ্যালয়ে রাইভার্সি ফেস্ট ঘিরে উন্মাদনা দেখা যায়, কিন্তু নতুন বছরের তিন মাস শেষ হতে চলল অথচ অনুষ্ঠান ঘিরে কারও কোনও মাথাব্যথা নেই।'

যদিও তৃণমূল ছাত্র পরিষদের নেতা স্টুডেন্ট ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশনের সদস্য শুভাশিস ঝায়ের দাবি, 'উপাচার্য ও রেজিস্ট্রারের সঙ্গে এব্যাপারে আলোচনা করার তেমন সুযোগ হয়ে উঠেনি এতদিন। পরীক্ষা শেষ হলেই যাতে রাইভার্সি ফেস্ট করা যায় সেজন্য আমরা শীঘ্রই আলোচনায় বসব।'

বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার দুর্লভ সরকারের কথায়, 'রাইভার্সি ফেস্টের যাবতীয় দায়িত্ব স্টুডেন্ট ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশনের। অনুষ্ঠান কখন ও কীভাবে হবে সবটাই দায়িত্ব তাঁদের। আমাদের সঙ্গে আলোচনা করতেই পারেন তাঁরা। তবে আগামী ২৪ এপ্রিল পর্যন্ত পরীক্ষা চলবে।'

## স্বাস্থ্যকর্মীদের উৎসাহিত করতে পুরস্কার

**মালদা, ২৪ মার্চ :** পতঙ্গবাহিত রোগ নিয়ে সচেতনতা বৃদ্ধি ও নজরদারিতে কর্মীদের আরও উৎসাহিত করতে উদ্যোগ নিল মালদা জেলা স্বাস্থ্য দপ্তর। সোমবার দুপুরে মালদা মেডিকেলের ট্রমা কেয়ার বিভাগে এনিয়ে একটি বার্ষিক রিভিউ মিটিংয়ের আয়োজন করা হয়। উপস্থিত ছিলেন জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিক সুদীপ্ত ভাদুড়ি, সহকারী ও অতিরিক্ত মুখ্য স্বাস্থ্য আধিকারিক সহ বিভিন্ন ব্লকের স্বাস্থ্য আধিকারিকরা।

স্বাস্থ্য দপ্তরের মূল্যায়ণ অনুযায়ী চলতি বছর ম্যালেরিয়া নিয়ে সবচেয়ে ভালো কাজ করেছে হবিবপুর ব্লক। দ্বিতীয় ও তৃতীয় স্থানে রয়েছে কালিয়াচক-২ ব্লক ও ইংরেজবাজার ব্লক। কালাজ্বরের নজরদারিতে প্রথম তিন স্থানে রয়েছে গাজোল, কালিয়াচক-২ এবং ৩ ব্লক। হেলথ ওয়েলনেস ক্যাম্পে ইংরেজবাজারের ফুলবাড়িয়া, বামনগোলার দৌলতপুর ও কালিয়াচক-২ ব্লকের মেঘুটোলা এইচডব্লিউসি স্বাস্থ্য দপ্তরের নজর কেড়েছে। এছাড়া বিভিন্ন ক্ষেত্রে হরিশ্চন্দ্রপুর-২ ব্লক, পুরাতন মালদা ব্লকও পুরস্কৃত হয়েছে।

> সারাবছর ধরে আমাদের কর্মীরা যে কাজ করে থাকেন, আজ সেসব নিয়ে মূল্যায়ন করা হয়েছে। প্রতিটি রোগের ক্ষেত্রে যে সমস্ত ব্লকের সাব-সেন্টার ভালো কাজ করেছে, তাদের আজ সম্মানিত করা হয়েছে।
>
> **সুদীপ্ত ভাদুড়ি**
> মুখ্য স্বাস্থ্য আধিকারিক

জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিক সুদীপ্ত ভাদুড়ি জানিয়েছেন, 'একেক মরশুমে একেক ধরনের রোগের প্রাদুর্ভাব বেশি থাকে।'



যন্ত্রগাড়ির উদ্বোধন বালুরঘাটে। সোমবার। - সংবাদচিত্র

# শহরের রাস্তা পরিষ্কার করতে যন্ত্রগাড়ির সূচনা

পঙ্কজ মহন্ত

**বালুরঘাট, ২৪ মার্চ :** শহরকে জঞ্জালমুক্ত করতে আধুনিকতার ছোঁয়া মিলল বালুরঘাটে। জেলায় প্রথম আধুনিকমানের স্বয়ংক্রিয় রোড সুইপিং, ক্লিনিং ও ওয়াটার স্প্রেইং মোবাইল ভেহিকেল পরিষেবা শুরু করল বালুরঘাট পুরসভা। ২০২২ সালের পুরভোটে গঠিত পুরবোর্ডের তিন বছর পূর্তি অনুষ্ঠানে এই স্বয়ংক্রিয় মেশিনের উদ্বোধন করা হল বালুরঘাটে। যার মাধ্যমে সহজেই রাস্তা চোখের নিমেষেই পরিষ্কার হয়ে যাবে।

শহরের রাস্তার আবর্জনা পরিষ্কার সহ সার্বিক পরিচ্ছন্নতা নিয়ে একাধিকবার অভিযোগ করেন শহরবাসী। বালুরঘাট পুরসভার এই কাজে প্রচুর সাফাই কর্মী থাকলেও অনেক সময় শহরের বিভিন্ন রাস্তা ঝাড় দেওয়ার পরেও পরিচ্ছন্নতা মেলে না বলে অভিযোগ ওঠে। এবার তারই মুশকিল আসান করল পুরকর্তৃপক্ষ। প্রায় ৯০ লক্ষ টাকার অর্থ বরাদ্দে এই স্বয়ংক্রিয় গাড়ি নিয়ে আসা হয়েছে। যে গাড়িতে একইসঙ্গে সাফাইয়ের তিনটি কাজ করা হবে। বালুরঘাট পুরসভার দাবি, শহরের পরিচ্ছন্নতা বজায় রাখতে এই মোবাইল ভেহিকেল একটি কম্বাইন্ড প্রোজেক্ট। আধুনিক প্রযুক্তির এই গাড়ির সামনেই রয়েছে রোটেটিং ঝাড়ু। শহরের রাস্তা দিয়ে যেতে সমস্ত ধুলোবালি সহ সামান্য আবর্জনা যার মাধ্যমে ঝেড়ে ফেলা হবে। গাড়ির মাঝ বরাবর রয়েছে জল ছড়িয়ে দেওয়ার যন্ত্র। তার সঙ্গেই সংযুক্ত আছে মুভেবল সিনথেটিক কাপড়ের যন্ত্র। যা দিয়ে জলের সাহায্যে রাস্তা মুছে পরিষ্কার করে দেওয়া হচ্ছে। এখানেই শেষ নয়। গাড়ির শেষ প্রান্তে লাগানো রয়েছে ভ্যাকিউম সাকশন পাইপ। কোথাও মাত্রাতিরিক্ত আবর্জনা নজরে পড়লে পুরসভার কর্মী সেই বড় মাপের পাইপ ব্যবহার করে রাস্তা থেকে আবর্জনা টেনে গাড়ির ভেতর ভরে নেবেন। আবর্জনার সঙ্গে সরাসরি কোনও সংস্পর্শই ঘটবে না কর্মীদের।

বালুরঘাটের ২৫ নম্বর ওয়ার্ডের বাসিন্দা রাজকুমার সাহার মতে, 'শহরে ক্রমশ জনসংখ্যা বাড়ছে। পুরসভা এলাকার পরিধিও বেড়েছে। তার সঙ্গে পাল্লা দিয়ে আবর্জনার বহর বাড়ছে। প্রথম এই গাড়ি দেখে আমরা অবাক হয়েছি। এমন আধুনিকমানের গাড়ির প্রয়োজন ছিল শহরে। এবার আশা করছি শহরের রাস্তা ঝকঝকে হয়ে উঠবে।'

এপ্রসঙ্গে বালুরঘাট পুরসভার চেয়ারম্যান অশোক মিত্রর দাবি, 'আধুনিক নাগরিক পরিষেবা পৌঁছে দেওয়ার জন্য চেষ্টা চালিয়ে যাচ্ছি। ক্লিন বালুরঘাট, গ্রিন বালুরঘাট লক্ষ্য নিয়ে কাজ চলছে। এই গাড়ির মাধ্যমে রাস্তা ঝাড়া, মোছা ও পরিষ্কার সমস্তটাই স্বয়ংক্রিয়ভাবে হবে। শহরের মূল রাস্তাগুলি পরিষ্কার করতে গুরুত্বপূর্ণ ভূমিকা নেবে গাড়িটি।'

## কৃষিবাজার স্থানান্তরিত

**বুনিয়াদপুর, ২৪ মার্চ :** সোমবার বুনিয়াদপুর শহরে একটি অনুষ্ঠানের মধ্যে দিয়ে কৃষি পণ্য ব্যবসায়ীদের অস্থায়ী বাজার থেকে নতুন রিটেল মার্কেট কমপ্লেক্সে স্থানান্তর করা হল। দক্ষিণ দিনাজপুর জেলা আরএমসি-এর তত্ত্বাবধানে মার্কেট কমপ্লেক্সটি তৈরি হয়। পশ্চিমবঙ্গ সরকারের কৃষি বিপণন দপ্তরের উদ্যোগে ২০২৩-২৪ অর্থবর্ষে দুটি পর্যায়ে কাজটি সম্পন্ন হয়েছে। বুনিয়াদপুর ফুটবল মাঠের পাশে কৃষি দপ্তরের জায়গায় দ্বিতল কমপ্লেক্সটি তৈরি হয়েছে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ক্রেতা সুরক্ষা দপ্তরের মন্ত্রী বিপ্লব মিত্র, জেলা শাসক তথা আরএমসির চেয়ারম্যান বিজিন কৃষ্ণা সহ প্রমুখ।

মন্ত্রী বিপ্লব মিত্র বলেন, 'শহরের চারপাশে কৃষি প্রধান এলাকা হওয়ায় অধিকাংশ কৃষকদের তাদের উৎপাদিত ফসলের খুচরো বিক্রির জন্য স্থায়ী জায়গা ছিল না। এই মার্কেটের ফলে সকলেই উপকৃত হবেন।'

# বাড়িতে টোটোর ব্যাটারি চার্জে বাড়তি বিদ্যুৎ বিল

### দপ্তরের সিদ্ধান্তে ক্ষুব্ধ চালকরা

দীপঙ্কর মিত্র

**রায়গঞ্জ, ২৪ মার্চ :** বাড়িতে টোটো চার্জ দিতে হলে লাগবে অতিরিক্ত টাকা। এমন সিদ্ধান্ত নিতে চলেছে রায়গঞ্জ বিদ্যুৎ দপ্তর। দাবি করা হচ্ছে, এতে একদিকে যেমন চাপ কমবে। তেমনই বিদ্যুৎ দপ্তরের আয়ও বাড়বে। রায়গঞ্জে এই সিদ্ধান্ত নিয়ে টোটোচালকদের মধ্যে ক্ষোভ তৈরি হয়েছে। তাঁদের দাবি, প্রশাসন এই সিদ্ধান্ত কার্যকর করলে তাঁরা আন্দোলনে নামতে বাধ্য হবেন।

বিদ্যুৎ দপ্তরের রিজিওনাল ম্যানেজার মনুচন্দ্র বর্মন বলেন, 'টোটোর চার্জের জন্য আলাদা ট্যারিফ চালু নিয়ে চিন্তাভাবনা চলছে। বিষয়টি কত দূর কী হল শীঘ্রই জানা যাবে।'

রায়গঞ্জ শহরের প্রায় প্রতিটি ওয়ার্ডে বেকাররা পেশার তাগিদে টোটো কিনছেন। নিজের বাড়িতেই তাঁরা টোটোর ব্যাটারি চার্জ দিয়ে থাকেন। বাড়িতে যে বৈদ্যুতিক সংযোগ থাকে, তার ধারণ ক্ষমতা কম। এরই মধ্যে গরম পড়তেই এসি ও পাখার চাহিদা বাড়ছে। ফলে চাপ পড়ছে ট্রান্সফর্মারের ওপর। মাঝেমধ্যেই দেখা দিচ্ছে বিদ্যুৎ বিপর্যয়। সাধারণ বৈদ্যুতিক সংযোগে টোটোর ব্যাটারি চার্জের জন্য সাধারণ মানুষকে বিপাকে পড়তে হচ্ছে। এই সমস্যা কাটাতে বাড়িতে টোটোর ব্যাটারি চার্জ দিতে অতিরিক্ত চার্জ নেওয়ার চিন্তাভাবনা শুরু করেছে বিদ্যুৎ দপ্তর।

বিদ্যুতের সঠিক ব্যবহার করতে ও কোন এলাকায় কত টোটো চার্জ দেওয়া হয়, সেই পরিসংখ্যান দেখে পরিষেবা দেওয়ার জন্য এই উদ্যোগ গ্রহণ করা হয়েছে। সবকিছু খতিয়ে দেখার পরেই বিদ্যুৎ দপ্তর জানাবে, কত ওয়াটের বিদ্যুৎ প্রয়োজন হবে ও তার জন্য কত টাকা আগাম জমা করতে হবে।

> সরকার নতুন ট্যারিফ চালু করছে করুক। কিন্তু সেজন্য টোটোচালকদের ওপর বাড়তি চাপ দেওয়া যাবে না। আমরা এই নিয়ে শীঘ্রই আন্দোলনে নামব।
>
> **কার্তিক দাস**
> সম্পাদক, টোটো ইউনিয়ন



যদিও বিদ্যুৎ দপ্তরের এই উদ্যোগকে ভালো চোখে দেখছেন না চালকরা। টোটোচালক তারক দত্ত জানান, 'শিক্ষিত হয়ে বসে আছি। কোনও কাজ নেই। লোন করে কোনওমতে টোটো কিনে পরিষেবা দিচ্ছি। আমাদের ক্ষেত্রে সরকারের ছাড় দেওয়া দরকার। কিন্তু তা না করে আমাদের আরও বিপদে ফেলতে চাইছে।'

টোটো ইউনিয়নের সম্পাদক কার্তিক দাসের কথায়, 'সরকার নতুন ট্যারিফ চালু করছে করুক। কিন্তু সেজন্য টোটোচালকদের ওপর বাড়তি চাপ দেওয়া যাবে না। আমরা এই নিয়ে শীঘ্রই আন্দোলনে নামব।'

### জরুরি তথ্য

**ব্লাড ব্যাংক**

(সোমবার সন্ধ্যা ৭টা পর্যন্ত)

| | | |
|---|---|---|
| **মালদা মেডিকেল কলেজ** | | |
| এ পজিটিভ | - | ১৩ |
| এ নেগেটিভ | - | ০ |
| বি পজিটিভ | - | ২৪ |
| বি নেগেটিভ | - | ০ |
| এবি পজিটিভ | - | ১৫ |
| এবি নেগেটিভ | - | ০ |
| ও পজিটিভ | - | ৫৬ |
| ও নেগেটিভ | - | ০ |
| (এই সংখ্যা লোহিত রক্ত কণিকার) | | |
| **রায়গঞ্জ মেডিকেল** | | |
| এ পজিটিভ | - | ০ |
| এ নেগেটিভ | - | ০ |
| বি পজিটিভ | - | ০ |
| বি নেগেটিভ | - | ০ |
| এবি পজিটিভ | - | ০ |
| এবি নেগেটিভ | - | ০ |
| ও পজিটিভ | - | ০ |
| ও নেগেটিভ | - | ০ |
| **বালুরঘাট হাসপাতাল** | | |
| এ পজিটিভ | - | ১০ |
| এ নেগেটিভ | - | ১ |
| বি পজিটিভ | - | ০ |
| বি নেগেটিভ | - | ০ |
| এবি পজিটিভ | - | ১ |
| এবি নেগেটিভ | - | ৩ |
| ও পজিটিভ | - | ৩ |
| ও নেগেটিভ | - | ১ |

**মালদা, পুরাতন মালদা, রায়গঞ্জ, বালুরঘাট, বুনিয়াদপুর, গঙ্গারামপুর ও কালিয়াগঞ্জ শহরের সাহিত্য, সংস্কৃতি, খেলাধুলো ও সামাজিক কর্মকাণ্ডের আগাম খবর আমাদের জানান ৭০৬৩৪৩৮৪৬৪ হোয়াটসঅ্যাপ নম্বরে।**


### অ্যাফিডেভিট

আমার ড্রাইভিং লাইসেন্সে (WB65 20180110277) আমার নাম ভুল থাকাই গত 30.10.2023 এ প্রথম শ্রেণি J.M. 3rd কোর্টে অ্যাফিডেভিট বলে ভুল সংশোধন করে Md Hajrat Osman Khan থেকে Usman Khan করা হল। যা উভয় এক এবং অভিন্ন ব্যক্তি।

(M-114059)

